# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 24, 1433 Bangla, May 07, 2026, Thursday, No. 124, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has called for building people-oriented administration to ensure harassment-free services for citizens. (R. Today: 17)

Information and Broadcasting Minister has said government has taken initiatives to build transformed mass media ecosystem to enter into digital system, getting out of analog structure. (Jago FM: 12)

Water Resources Minister has informed that government will soon take a decision on Padma Barrage project. (Jago FM: 12)

Bangladesh and China have reaffirmed their commitment to further strengthening comprehensive strategic partnership between the two countries. (Jago FM: 12)

Home Minister has instructed BGB to remain vigilant along borders to prevent any possible push-ins from India. (BBC: 07)

Seven more children died from measles and measles-like symptoms. (BBC: 07)

Government has decided to review crimes against humanity cases filed during tenure of interim government. (R. Tehran: 08)

State Minister for LGRD and Cooperatives has assured that there will be no incidents of extortion while transporting sacrificial animals ahead of Eid- ul- Azha. (Jago FM: 10)

State Minister for Youth and Sports has said no permission will be given from now on at play grounds across the country. (Jago FM: 10)

The madrasa teacher accused in case over raping an 11-year-old girl in Netrokona's Madan upazila has been sent to jail. (BBC: 07)

**Iran will only accept a fair and comprehensive agreement in its negotiations with US for ending war in Middle East. (BBC: 07)**

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**বৈশাখ ২৪, বাংলা ১৪৩৩, মে ০৭, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১২৪, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান সরকার বলেছেন, সরকার এমন একটি প্রশাসন চায়, যেখানে মানুষ হয়রানি মুক্ত সেবা পাবে। (রে. টুডেঃ ১৭)

দ্রুত পরিবর্তিত ডিজিটাল বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে একটি রূপান্তরিত গণমাধ্যম ইকোসিস্টেম গড়ে তোলার উদ্যোগ নিয়েছে সরকার --- জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী । (জাগো নিউজঃ ১২)

পদ্মা ব্যারাজ নিয়ে সরকার খুব শিগগির সিদ্ধান্ত নেবে বলে জানালেন পানি সম্পদমন্ত্রী । (জাগো নিউজঃ ১২)

বাংলাদেশ ও চীনের মধ্যে বিদ্যমান সমন্বিত কৌশলগত সহযোগিতাকে আরও গভীর করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে দুই দেশ। (জাগো নিউজঃ ১২)

বাংলাদেশে ভারতের পুশব্যাগ ঠেকাতে বিজিবিকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রী। (বিবিসিঃ ০৭)

সারাদেশে হাম ও হামের উপসর্গ নিয়ে আরো সাত শিশুর মৃত্যু। (বিবিসিঃ ০৭)

অন্তর্বর্তী সরকারের সময়ে হওয়া অভ্যুত্থান সংশ্লিষ্ট মামলাগুলোর জেলাভিত্তিক তথ্য চেয়েছে সরকার। (রে. তেহরানঃ ০৮)

আসন্ন ঈদে কোরবানির পশু পরিবহনে সড়কে কোনো চাঁদাবাজি ঘটবে না বলে নিশ্চয়তা দিয়েছেন এলজিআরডি ও সমবায় প্রতিমন্ত্রী । (জাগো নিউজঃ ১০)

ভবিষ্যতে খেলার মাঠে মেলা করার অনুমতি দেওয়া হবে না বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী। (জাগো নিউজঃ ১০)

নেত্রকোনায় কওমি মাদ্রাসার ১১ বছর বয়সী শিশুকে ধর্ষণের মামলায় অভিযুক্ত শিক্ষককে গ্রেফতার। (বিবিসিঃ ০৮)

মধ্যপ্রাচ্যে যুদ্ধের অবসান ঘটাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় ইরান একটি ন্যায্য ও সমন্বিত চুক্তি গ্রহণ করবে বলে জানিয়েছে দেশটি। (বিবিসিঃ ০৮)

# বিবিসি

## আইএমএফ-এর কাছ থেকে নতুন ঋণ, জনজীবনে চাপ কি আরও বাড়বে

আন্তর্জাতিক অর্থ তহবিল বা আইএমএফ-এর সাথে চলমান ঋণ কর্মসূচিতে স্থবিরতার মধ্যেই সংস্থাটি থেকে নতুন করে প্রায় দুই বিলিয়ন ডলার ঋণ চাইছে বাংলাদেশ- এমন খবর বেশ আলোচনার জন্ম দিয়েছে। একইসঙ্গে বিশ্বব্যাংকের কাছ থেকেও এক বিলিয়ন ডলার ঋণ চাওয়া হয়েছে বলে এসব খবরে বলা হচ্ছে। মূলত, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী সম্প্রতি ওয়াশিংটন সফরে বিশ্বব্যাংক ও আইএমএফ-এর সাথে বৈঠকের সময়ে এমন প্রস্তাব দিয়ে কিছুটা ইতিবাচক সাড়াও পেয়েছেন বলে মন্ত্রণালয়ের কর্মকর্তারা আভাস দিচ্ছেন। যদিও কর্মকর্তারা বলছেন, পর্দার অন্তরালে চলা আলোচনা নিয়ে দুই পক্ষ চূড়ান্ত সমঝোতায় উপনীত হলেই কেবল এসব বিষয়ে আনুষ্ঠানিক বক্তব্য বা ঘোষণা আসবে। কিন্তু এই আলোচনার খবর এমন সময় সামনে এলো, যখন ২০২৩ সালে সংস্থাটির সাথে শুরু হওয়া ঋণ কর্মসূচির ষষ্ঠ কিস্তির টাকাই আটকে গেছে। এমনকি বাংলাদেশের অর্থমন্ত্রী ওয়াশিংটনে গিয়ে বৈঠকের পরেও ঋণ পাওয়া নিয়ে জটিলতা কাটেনি। সে কারণে জুনের মধ্যে আইএমএফ-এর কাছ থেকে এক দশমিক তিন বিলিয়ন বা ১৩০ কোটি ডলার ঋণ পাওয়ার কথা থাকলেও, সেটি পাচ্ছে না বাংলাদেশ। এখন কর্মকর্তারা ধারণা করছেন, এসব নিয়ে আলোচনার জন্য জুনে বাংলাদেশের সংসদে জাতীয় বাজেট ঘোষণার পর আইএমএফ-এর প্রতিনিধি দল ঢাকায় আসার সম্ভাবনা রয়েছে। ঢাকায় বিশ্বব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলছেন, "বাজেটে ঋণ কর্মসূচিতে থাকা সংস্কার প্রস্তাবগুলোর কতটা প্রতিফলন থাকে, হয়ত সেটা দেখেই আইএমএফ ঢাকায় আসতে পারে।" সিপিডির সম্মাননীয় ফেলো অর্থনীতিবিদ মুস্তাফিজুর রহমান বলছেন, "জুনে আইএমএফ প্রতিনিধিরা ঢাকায় আসার পর চলমান ঋণ কর্মসূচির আটকে থাকা কিস্তিগুলো ছাড়ের সিদ্ধান্ত হলে বাংলাদেশ তখন নতুন ঋণের প্রস্তাব দিতে পারে।"

নতুন ঋণ চাপ বাড়াবে না কমাবে

ঢাকায় অর্থ মন্ত্রণালয় ও ইআরডির কর্মকর্তাদের সাথে আলাপ করে জানা গেছে, মূলত ইরান যুদ্ধের জেরে জ্বালানি ব্যয় ব্যাপক বেড়ে যাওয়ার প্রতিক্রিয়া সামলানোর জন্য অর্থাৎ জনজীবনে তৈরি হওয়া চাপ সহজ করার জন্য নতুন ঋণ চাওয়ার বিষয়টি সামনে এসেছে। আবার কেউ কেউ বলছেন, পরিবর্তিত বৈশ্বিক বাস্তবতা ও বাংলাদেশের নতুন পরিস্থিতিকে সামনে রেখে আইএমএফ নিজেও এ ধরনের প্রস্তাব দিয়ে থাকতে পারে। যদিও বিশ্লেষকরা বলছেন, নতুন করে ঋণ নিতে গেলেও আইএমএফ চলমান ঋণ কর্মসূচির জন্য আগে যে-সব শর্ত দিয়েছিল, সেগুলোতেই নতুন করে জোর দেওয়ার সম্ভাবনা থাকবে। অর্থাৎ সরকারের ভর্তুকি কমানো, রাজস্ব খাতে সংস্কার, ব্যাংক খাতে সংস্কার, করছাড় বাতিল করা কিংবা কোনো কোনো ক্ষেত্রে কর বাড়ানোর মতো বিষয়গুলোই গুরুত্ব পাওয়ার সম্ভাবনা বেশি। "আইএমএফের মূল শর্তই তো এগুলো। এখন নতুন করে ঋণ দিতে হলেও, তারা নিশ্চয়ই আগে জানতে চাইবে, এসব ক্ষেত্রে বাংলাদেশের পরিকল্পনা এখন কী হবে। আর ভর্তুকি কমালে, ট্যাক্স বাড়লে মানুষের ওপরেই তো এর চাপ পড়বে। আবার ঋণ না নিলে রিজার্ভের অর্থ ব্যয় করতে হবে, সেটিও জনজীবনে চাপ তৈরি করবে," বিবিসি বাংলাকে বলছিলেন জাহিদ হোসেন। যদিও আইএমএফের শর্ত অনুযায়ী জ্বালানি তেলের দাম বাড়িয়েছে সরকার। বিদ্যুতের দাম বাড়ানোর প্রক্রিয়াও নিয়ে কাজ করছে একটি কমিটি। কিন্তু প্রশ্ন হলো, একটি ঋণ কর্মসূচি চলমান থাকা অবস্থায় নতুন করে ঋণ প্রস্তাবের আলোচনা উঠছে কেন?

জানা গেছে, সম্প্রতি বিশ্বব্যাংক ও আইএমএফ-এর সাথে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে বৈঠকের সময় অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী নতুন ঋণের বিষয়টি তাদের মৌখিকভাবে অবহিত করেছেন। ঢাকার কর্মকর্তাদের সাথে কথা বলে অবশ্য এমন ধারণাও পাওয়া যাচ্ছে যে, সরকার আইএমএফের সাথে চলমান ঋণ কর্মসূচির ৬ ও ৭ম কিস্তি পাওয়ার চেয়ে নতুন করে ঋণ পেতেই বেশি আগ্রহ দেখাচ্ছে। যদিও এর আগে অন্তর্বর্তী সরকারের সময়ে তখনকার অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ বলেছিলেন যে, "ঋণ কর্মসূচির আওতায় বড়ো শর্তগুলো পূরণ হয়ে গেছে। কিছু অধ্যাদেশ হয়েছে। নির্বাচিত সরকার এসব অধ্যাদেশ সংশোধন করে হলেও আইনে পরিণত করলে আইএমএফ আপত্তি করবে না বলেই আশা করি।" কিন্তু বাস্তবতা হলো, বিএনপি সরকার ক্ষমতায় এসে ব্যাংক খাত নিয়ে করা ব্যাংক রেজুলেশন অধ্যাদেশ এমনভাবে সংশোধন করে সংসদে পাস করেছে যে, তা ব্যাংক সংস্কারকে ক্ষতিগ্রস্ত করবে বলেই মনে করেন। ওই সংশোধনীর ফলে দুর্বল ব্যাংকের পুরোনো শেয়ারধারীদের আবারও ব্যাংকের মালিকানায় ফেরার সুযোগ সৃষ্টি হয়েছে। জাহিদ হোসেন বলছেন, "ব্যাংক রেজুলেশন অধ্যাদেশ একটা কমফোর্ট দিয়েছিল। কিন্তু পাস হওয়া আইনে সেই স্পিরিট থাকলো না। আবার আইএমএফ-এর শর্ত অনুযায়ী প্রতি মাসের শুরুতে তেলের দাম নির্ধারণ শুরু হয়েছিল, কিন্তু গত দুইমাসে তা হয়নি। এনবিআর অন্তর্বর্তী সরকারের সময়ে সেপারেশন হলো, কিন্তু অধ্যাদেশটি পাশ হলো না। আমার মনে হয়, আইএমএফ এসব বিষয়ে প্রশ্ন তুলবে।"

কিন্তু প্রশ্ন হলো, এত কিছুর পরেও সরকার যদি শেষ পর্যন্ত আনুষ্ঠানিকভাবে আইএমএফ-এর কাছে নতুন করে ঋণ চায় এবং সংস্থাটি যদি সেটি অনুমোদন করে, তাহলে সেটি কী মানুষের ওপর আরও চাপ তৈরি করবে কি -না। অর্থনীতিবিদ

ড. মুস্তাফিজুর রহমান বলছেন, প্রথমত বাংলাদেশকে আইএমএফ-এর সাথে চলমান থাকা ঋণ কর্মসূচির ৬ষ্ঠ ও ৭ম কিস্তির ১৩০ কোটি ডলার পেতে হবে এবং তারপর নতুন ঋণ চাইতে পারে। "কিন্তু আগের শর্ত তো বাংলাদেশ পালন করতে পারেনি। শর্ত অনুযায়ী শূন্য দশমিক ৫ শতাংশ জিডিপি বাড়েনি। এ বছর টার্গেট থেকে আরও অনেক পেছনে। পাশাপাশি ভর্তুকি প্রত্যাহার কিংবা কর ছাড় বাতিল করা আইএমএফ যেভাবে চাইবে, সেটা করা সরকারের জন্য কঠিন হতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। অবশ্য নতুন করে ঋণ প্রস্তাব চাওয়ার চিন্তা-ভাবনার ক্ষেত্রে যে বিষয়টি আলোচনায় আসছে, তা হলো- ইরান যুদ্ধের কারণে জ্বালানির জন্য সরকার অতিরিক্ত প্রায় ৩ বিলিয়ন ডলার ব্যয় করতে হচ্ছে, কিন্তু অর্থনীতিতে চাপ পড়বে বলে সরকার এটি রিজার্ভ থেকে খরচ করতে চাইছে না। "আমার ধারণা, এ কারণেই সরকার বিশ্বব্যাংক, আইডিবি আর আইএমএফ-এর মতো সংস্থাগুলোর কাছে আরও ঋণ নেওয়ার চিন্তা করছে। কারণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভে হাত দিলে আমদানি সক্ষমতা ও ঋণ পরিশোধ সক্ষমতা কমে যাবে এবং মুদ্রার বিনিময় হারে ব্যাপক প্রভাব পড়বে। তখন মানুষের ওপর ট্যাক্স বাড়াতে হবে," বলছিলেন মি. রহমান।

জাহিদ হোসেন অবশ্য বলছেন, এটি সত্যি যে, যুদ্ধের কারণে নগদ অর্থের প্রয়োজন বেড়েছে কিন্তু নতুন করে ঋণ চাইলেও সরকারকে এই প্রশ্নের উত্তর দিতে হবে যে, "যেই সংকট মোকাবিলার জন্য নতুন ঋণ চাইছেন, সেই সংকট মোকাবিলায় বা ব্যবস্থাপনায় সরকারের কর্মপরিকল্পনা কী। অর্থাৎ টাকাটা কোথায় ব্যয় হবে।" "নাহলে চলমান ঋণ কর্মসূচি আছে। এখন সেটা বাদ দিয়ে নতুন আরেকটা কর্মসূচির মাধ্যমে ঋণ নেওয়া জাস্টিফাইড হবে কীভাবে," বলছিলেন মি. হোসেন। প্রসঙ্গত, আইএমএফ'র সাথে ২০২৩ সালে তৎকালীন আওয়ামী লীগ সরকারের সময় চার দশমিক সাত বিলিয়ন বা ৪৭০ কোটি ডলারের ঋণচুক্তি সই করেছিল বাংলাদেশ। পরে ২০২৪ সালের আগস্টে আন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকারের পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ওই সময় ঋণের পরিমাণ আরও ৮০০ মিলিয়ন ডলার বাড়ানো হয়। এই অর্থের মধ্যে এখন পর্যন্ত আইএমএফ বাংলাদেশকে ঋণ ছাড় করেছে তিন দশমিক ৬৪ বিলিয়ন বা ৩৬৪ কোটি ডলার। গত ডিসেম্বরে ঋণের ৬ষ্ঠ কিস্তি অর্থ পাওয়ার কথা ছিল বাংলাদেশের। কিন্তু তখন অন্তবর্তী সরকারের সময়ে ঋণের অর্থ ছাড় করেনি আইএমএফ। এখন ৬ষ্ঠ ও ৭ম কিস্তির টাকা একসাথে পাওয়ার বিষয়টি সামনে এসেছে। চলতি বছরের মার্চে ঢাকায় এসেছিলেন আইএমএফের এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন। তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথেও বৈঠক করেছিলেন। ওই বৈঠকের পরেই সাংবাদিকদের সাথে আলাপকালে অর্থমন্ত্রী ওয়াশিংটনে এপ্রিলের বৈঠকে আইএমএফের কাছে বাড়তি সহায়তা চাওয়ার ইঙ্গিত দিয়েছিলেন। সেই বৈঠক থেকে দেশে ফিরে গত ১৯ এপ্রিল অর্থমন্ত্রী সাংবাদিকদের বলেছিলেন, অমীমাংসিত বিষয়গুলো নিয়ে আবার আলোচনা হবে। "আইএমএফের কোনো শর্ত যদি জনগণের স্বার্থ সংরক্ষণে বাধা হয়, সে সিদ্ধান্ত বিএনপি সরকার নেবে না," বলেছিলেন তিনি। যদিও বিশ্লেষকরা বলছেন, ঋণ চুক্তিতে যে-সব শর্ত ছিল, সেগুলো থেকে আইএমএফ সরে আসবে- এমনটি হওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ। তাদের মতে, বরং বাংলাদেশ সরকারকেই নতুন করে বলতে হবে যে সংস্কারের শর্তগুলো তারা কীভাবে বাস্তবায়ন করবেন। (বিবিসি ওয়েব পেজ : ০৬.০৫.২০২৬ নারগীস)

হাম পরীক্ষায় কিট 'স্বল্পতা', সরকারের ব্যবস্থাপনা নিয়ে প্রশ্ন

প্রায় দুই মাস ধরে বাংলাদেশে শিশুদের হাম সংক্রমণের পরিস্থিতি জটিল আকার ধারণ করেছে। এরই মধ্যে, হাম শনাক্তে পর্যাপ্ত কিট নেই বলে অভিযোগ উঠেছে। সরকারের দেওয়া তথ্য অনুযায়ী, বুধবার পর্যন্ত হাম এবং এর উপসর্গে ৩২৪টি শিশু মারা গেছে। হাম বলে সন্দেহ করা হচ্ছে এমন রোগীর সংখ্যা ৩০ হাজার ছাড়িয়ে গেছে। কিন্তু দেশে হাম শনাক্ত করার পরীক্ষা করা হয় শুধু রাজধানীর জনস্বাস্থ্য ইনস্টিটিউটের পরীক্ষাগারে। দেশের অন্য কোথাও আর এই পরীক্ষা করার সুযোগ নেই। আর হামের প্রাদুর্ভাবের মধ্যেই সেই পরীক্ষাগারে প্রয়োজনের তুলনায় যথেষ্ট কিট নেই বলে খবর এসেছে স্থানীয় সংবাদ মাধ্যমে। তবে জনস্বাস্থ্য ইনস্টিটিউটের পরিচালক মোমিনুর রহমানের দাবি, এই পরিস্থিতিকে 'সংকট' বলা যাবে না, এটাকে 'স্বল্পতা' বলে উল্লেখ করেন মি. রহমান। "স্যাম্পলের তুলনায় একটু কিটের সংখ্যা কম। সংকট বললে এটা অন্য বিষয় হয়ে যায়। আমাদের হাতে এখনো অ্যাভেইলেবল কিট আছে," বলেন মি. রহমান। তবে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, সরকার পরিস্থিতি অনুধাবন করলেও প্রস্তুতির ঘাটতি ছিল। হামের প্রাদুর্ভাবের পর থেকেই আইসিইউ সংকট ও টিকার ঘাটতির অভিযোগ সামনে আসে। জনস্বাস্থ্যবিদ মুশতাক হোসেন বিবিসি বাংলাকে বলেন, "জনস্বাস্থ্যের জরুরি পরিস্থিতি বা পাবলিক হেলথ ইমারজেন্সি ঘোষণা করা দরকার। আমাদের অ্যাকনলেজ করা দরকার। যদি তা না করি বা বিদেশ থেকে যে কিট আসবে তারা কিন্তু নরমাল শিডিউল করে আনবে। জরুরিভাবে দেবে না।"

কিটের অভাব কতখানি?

জনস্বাস্থ্য ইনস্টিটিউটের কর্মকর্তারা জানান, হাম শনাক্ত করার জন্য প্রতিদিন ৩০০ থেকে ৪০০ স্যাম্পল পায় এই ইনস্টিটিউট। একটি কিটে ৯০টি রক্তের নমুনা পরীক্ষা করা যায়। খোঁজ নিয়ে জানা গেছে, বুধবার এই ইনস্টিটিউটের পরীক্ষাগারে ১৩টি হাম শনাক্তকরণ কিট রয়েছে। আর জনস্বাস্থ্য ইনস্টিটিউট এখন দিনে একশোর বেশি পরীক্ষা করছে না। জানতে চাইলে ইনস্টিটিউটের পরিচালক মোমিনুর রহমান বিবিসি বাংলাকে বলেন, "আমরা ডেইলি একশ-দুইশ পরীক্ষা করছি। এই ১৩টি কিটে প্রায় বারোশোর মতো নমুনা পরীক্ষা করা যাবে।" অর্থাৎ এখন যে ১৩টি কিট রয়েছে, সেগুলো দিয়ে মাত্র চারদিন চলবে কি না জানতে চাইলে মি. রহমান দাবি করেন, চারদিন বলা যাবে না, "আমরা প্রতিদিনই টেস্ট করছি।" স্বাস্থ্য অধিদপ্তর এবং জনস্বাস্থ্য ইনস্টিটিউটের কর্মকর্তাদের সাথে কথা বলে জানা গেছে, হাম পরীক্ষা করার কিটটি বিশ্ব স্বাস্থ্য সংস্থার কাছ থেকে পায় বাংলাদেশ। বাংলাদেশ প্রথম গত আটই ফেব্রুয়ারি বিশ্ব স্বাস্থ্য সংস্থার কাছে হাম শনাক্ত করার কিট চেয়ে চিঠি দিয়েছিল। এরপরে আরো একবার কিটের অর্ডার দিয়েছিল বাংলাদেশ। বাংলাদেশ কিটের অর্ডার দিলে

সেই চাহিদার ভিত্তিতে ডব্লিউএইচও ফ্যাক্টরিতে কিট তৈরির নির্দেশ দেয় বলে জানান মি. রহমান। ফলে কিটের ঘাটতি হবে না দাবি করে মি. রহমান বলেন, "আজ ওরা ইন্ডিয়া থেকে শিপমেন্ট করবে বললো। কাল-পরশুর মধ্যে ৩০টি পাবো। আগামী সপ্তাহে আরো ১০০টা আসবে।"

দেশে হাম শনাক্তকরণের একমাত্র এই সংস্থাটি বলছে, অতিরিক্ত কিট চেয়ে ফেব্রুয়ারিতে চাহিদা দেওয়া হলে সেসময় ৭০টি কিট বাংলাদেশকে দিয়েছিল ডব্লিউএইচও। জনস্বাস্থ্য ইনস্টিটিউটের পরিচালক মোমিনুর রহমান জানান, "আমাদের কাছে ছিলই। তখন ৫৭টি ছিল। আরো একশটা দেওয়ার জন্য ওদের চিঠি দিছি। ওই চিঠির প্রেক্ষিতে ওরা ৭০টা আমাদের সাপ্লাই দেয়। ওইটা দিয়ে পরীক্ষা করি, কিন্তু আমাদের স্যাম্পল তো অনেক আসে।" "কিটের সংকট নেই, স্বল্পতা রয়েছে" উল্লেখ করে এর স্বপক্ষে যুক্তি তুলে ধরে মি. রহমানের দাবি, "এগুলো অ্যাভেইলেবল থাকে না। এগুলো প্রি-অর্ডার সাপ্লাই। অর্ডার দিলে ওরা তৈরি করে তারপর সাপ্লাই দেয়, যে কারণে একটু টাইম লাগে আরকি।"

'পাবলিক হেলথ ইমারজেন্সি ঘোষণা করতে হবে'

বাংলাদেশের হাম পরিস্থিতি নিয়ে উদ্বেগ জানিয়ে এপ্রিলের শেষ সপ্তাহে একটি প্রতিবেদন প্রকাশ করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ডব্লিউএইচও। আন্তর্জাতিক এই সংস্থার প্রতিবেদনে বলা হয়েছে, দেশের ৬৪টি জেলার মধ্যে ৫৮টি জেলাতেই সংক্রমণ ছড়িয়ে পড়েছে। হামের বর্তমান পরিস্থিতিকে জাতীয়ভাবে 'উচ্চ ঝুঁকিপূর্ণ' বলেও সংস্থাটি মূল্যায়ন করেছে। হামের প্রাদুর্ভাবের পর থেকেই নিউমোনিয়াসহ শারীরিক অন্যান্য জটিলতা, আইসিইউ সংকট, টিকার ঘাটতি নানা ইস্যু সামনে আসে। অন্তর্বর্তী সরকারের আমলে হামসহ অন্যান্য টিকা নিজেরা কেনার সিদ্ধান্ত নেওয়া হলে সংকট দেখা দেয়। যেটি এ বছরের ফেব্রুয়ারিতে প্রকট হয়ে ওঠে। কিন্তু এরপর পরিস্থিতি মোকাবিলায় বর্তমান সরকারের তৎপরতা নিয়ে প্রশ্ন ওঠে। যদিও জনস্বাস্থ্যবিদ মুশতাক আহমদ বলছেন, কিট সংকট নিয়ে বেশি উদ্বিগ্ন হওয়ার প্রয়োজন নেই, কিন্তু হাম নিয়ে জরুরি অবস্থাটা বোঝা দরকার। "পাবলিক হেলথ ইমারজেন্সি ডিক্লেয়ার করলেই কেবল জরুরিভাবে কিট বা কোনোকিছু দেশে আনতে চাইলে সেটির আইনি ভিত্তি থাকবে। এটা হলেই কেবল দেশে ও বিদেশে সব জায়গায় জরুরি ভিত্তিতে কাজ করা যাবে, এটি আইনের দ্বারা সুরক্ষিত থাকবে," বলেন মি. হোসেন। মি. হোসেন উদ্বেগ প্রকাশ করে বলেন, সরকার হামকে পাবলিক হেলথ ইমারজেন্সির আওতায় এনে ঘোষণা না দিলে, "অফিসিয়াল রিকগনিশন না থাকলে চাইলেও জরুরি ভিত্তিতে কিট আনা যাবে না।" একইসঙ্গে বর্তমান মধ্যপ্রাচ্য যুদ্ধ পরিস্থিতিও বিবেচনার যোগ্য। বিদ্যমান পরিস্থিতি "সরকার অনুধাবন করলেও জরুরি পরিস্থিতির স্বীকৃতি না দেওয়ার কারণে সব বিষয়ে উচ্চতর মহল থেকে মৌখিকভাবে টেলিফোন করে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হচ্ছে, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় হচ্ছে না" বলে উদ্বেগ প্রকাশ করেন এই জনস্বাস্থ্যবিদ। (বিবিসি ওয়েব পেজ : ০৬.০৫.২০২৬ আলী আহমেদ)

পররাষ্ট্রমন্ত্রীর চীন সফরে তিস্তা প্রসঙ্গ, কী আছে মহাপরিকল্পনায়

বিএনপি ক্ষমতা নেওয়ার আড়াই মাসের মাথায় প্রথমবারের মতো চীন সফরে গেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। তিনদিনের এই রাষ্ট্রীয় সফরে দু'দেশের মধ্যে যে-সব বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে, সেগুলোর মধ্যে তিস্তা ইস্যুটির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। তিস্তার পানি বণ্টন ইস্যুটি বাংলাদেশ ও ভারতের মধ্যে দীর্ঘদিনের একটি অমীমাংসিত ইস্যু। সমস্যাটি সমাধানে ২০১১ সালে দেশ দু'টির মধ্যে একটি চুক্তি চূড়ান্ত করা হলেও, গত দেড় দশকে সেটি আর আলোর মুখ দেখেনি। ফলে শুষ্ক মৌসুমে ভারত পানি আটকে রাখায় বাংলাদেশ অংশে প্রায় প্রতি বছরই খরা দেখা যাচ্ছে, সেইসঙ্গে বর্ষায় অতিরিক্ত পানি ছাড়ার ফলে সৃষ্টি হচ্ছে বন্যা ও নদী ভাঙনের মতো সমস্যা। এ নিয়ে রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারীসহ তিস্তা তীরবর্তী জেলাগুলোয় মানুষের মধ্যে ক্ষোভও দেখা গেছে। এমন অবস্থায় বেশ কয়েক বছর আগে চীনের সহায়তায় একটি মহাপরিকল্পনা হাতে নেয় ঢাকা। এ বিষয়ে প্রাথমিক একটি সমীক্ষাও করে বেইজিং। কিন্তু ভারতের আপত্তির মুখে প্রকল্পটি মূলপর্বের কাজ শুরু করা সম্ভব হয়নি। নির্বাচনি প্রতিশ্রুতির অংশ হিসেবে এখন প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নিতে চায় তারেক রহমানের সরকার। "এটা আমাদের ওই অঞ্চলের মানুষের মরণ-বাঁচনের বিষয়...এটা আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার, সেই অঞ্চলের সমস্যা সুরাহা করার এবং এটা আমাদের সরকারের অঙ্গীকার। এই অঙ্গীকার আমরা পূরণ করবো এবং চীন সফরে এই বিষয়টা আমরা নিশ্চয়ই আলোচনা করবো," মঙ্গলবার চীনে যাওয়ার আগে সাংবাদিকদের বলেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান।

কী আছে মহাপরিকল্পনায়?

তিস্তা একটি আন্তর্জাতিক নদী। হিমালয় থেকে উৎপন্ন হয়ে এটি ভারতের সিকিম, দার্জিলিং ও জলপাইগুড়ি'র মধ্য দিয়ে প্রবাহিত হয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। ভারতীয় অংশে এই নদীর ওপর একাধিক ব্যারেজ বা বাঁধ তৈরি করা হয়েছে। প্রতি বছর শুষ্ক মৌসুমে ওইসব বাঁধে পানি ধরে রাখার ফলে বাংলাদেশ অংশে তিস্তা শুকিয়ে যায়। ফলে নদী তীরবর্তী ফসলের মাঠে চাষাবাদ ক্ষতিগ্রস্ত হয়। অন্যদিকে, বর্ষা মৌসুমে পানি বেড়ে যাওয়ার ফলে একসঙ্গে সবগুলো ব্যারেজ খুলে দেওয়ার ফলে হঠাৎ বন্যা ও নদী ভাঙন দেখা দেয়। "শুকনো মৌসুমে যখন আমাদের পানি দরকার, তখন ভারত পানি ছাড়ে না। আবার বর্ষাকালে একসঙ্গে এতবেশি পানি ছাড়ে যে, মানুষের ভিটে-বাড়ি, ফসলের মাঠ সব হয় পানিতে তলিয়ে যায়, না হয় নদী ভাঙনের শিকার হয়," বিবিসি বাংলাকে বলছিলেন 'তিস্তা বাঁচাও নদী বাঁচাও সংগ্রাম পরিষদে'র সভাপতি নজরুল ইসলাম হক্কানী। এই পরিস্থিতি বিবেচনায় একটি মহাপরিকল্পনা গ্রহণ করে বাংলাদেশ সরকার। দীর্ঘমেয়াদি এই পরিকল্পনার পুরো নাম 'কম্প্রিহেনসিভ ম্যানেজমেন্ট অ্যান্ড রেস্টোরেশন অব তিস্তা রিভার প্রজেক্ট'। সমীক্ষার মাধ্যমে ২০১৬ সালে এর প্রাথমিক কাজ শুরু হয়। সমীক্ষা শেষে ২০২৩ সালে একটি মূল্যায়ন

প্রতিবেদন তৈরি করা হয়। মহাপরিকল্পনাটির কেন্দ্রে রয়েছে, বাংলাদেশ অংশের উজানে একটি বহুমুখী ব্যারেজ নির্মাণ। সেইসঙ্গে, ১০২ কিলোমিটার নদীখনন করে তিস্তার গভীরতা বৃদ্ধি, নদীর দু'পাশে ২০৩ কিলোমিটার বাঁধ নির্মাণ করে ভাঙন রোধ, ১৭১ বর্গ কিলোমিটার ভূমি পুনরুদ্ধার এবং নদীর দুই তীরে স্যাটেলাইট শহর, হোটেল-রেস্তোরাঁ, ১৫০ মেগাওয়াটের সৌর বিদ্যুতের প্ল্যান্ট তৈরিসহ পুরো এলাকাকে একটি পর্যটন হাব হিসেবে গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে। প্রাথমিকভাবে প্রকল্পটির ব্যয় ধরা হয়েছে ১২ হাজার কোটি টাকা, যার বড় অংশই আসবে ঋণের অর্থ থেকে। বিগত আওয়ামী লীগ সরকারের সময় থেকেই নিজেদের অর্থে এই প্রকল্প বাস্তবায়নের আগ্রহ দেখিয়ে আসছে চীন। এই প্রকল্প যাচাই করতে বাংলাদেশের পানি উন্নয়ন বোর্ড ও পাওয়ার চায়না যৌথভাবে প্রায় তিন বছর ধরে একটি সমীক্ষা পরিচালনা করে।

থমকে গেল কেন?

সমীক্ষা শেষে চীন যখন আর্থিক ও কারিগরি সহায়তা দিতে প্রস্তুতি নিতে শুরু করে, তখন তিস্তা প্রকল্পে ভারতও আগ্রহ দেখায়। ২০২৪ সালের মে মাসে বিষয়টি আলোচনা করতে ঢাকা আসেন ভারতের তৎকালীন পররাষ্ট্র সচিব বিনয় কোয়াত্রা। এরপর জুনে বাংলাদেশের তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত সফরে গেলে তিস্তা মহাপরিকল্পনায় যুক্ত হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করে দিল্লি। প্রকল্পের সমীক্ষা করতে ভারতের একটি কারিগরি দল দ্রুতই ঢাকায় সফর করবেন বলে শেখ হাসিনার সঙ্গে যৌথ সংবাদ সম্মেলনে তখন জানিয়েছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এরপর ঢাকায় ফিরে শেখ হাসিনা সাংবাদিকদের বলেন, "তিস্তার পানির দাবিটা অনেক দিনের। তো, ভারত যদি আমাদের তিস্তার প্রজেক্টটা করে দেয়, তাহলে আমাদের সব সমস্যার সমাধান হয়ে গেল। সেটাই আমার জন্য বেশি সহজ হলো না?" শেখ হাসিনার এমন বক্তব্য এবং দিল্লির সঙ্গে তার সম্পর্ক বিবেচনা করে তখন বিশ্লেষকদের অনেকে ধারণা করছিলেন যে, তিস্তা প্রকল্পটি শেষ পর্যন্ত হয়ত ভারতই বাস্তবায়ন করবে। কিন্তু মাসখানেকের মাথায় গণ-অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতন ঘটলে চীনের সামনে আবারও সুযোগ তৈরি হয়।

অন্তর্বর্তী সরকার ক্ষমতা নেওয়ার পর ২০২৫ সালের মার্চে তৎকালীন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস চীন সফরে যান। তখন সরকারের তরফে বলা হয়, তিস্তা মহাপরিকল্পনাটি চীনের মাধ্যমেই বাস্তবায়ন হবে। এদিকে, তিস্তা নদীর পানির ন্যায্য হিস্যা আদায় ও তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের দাবিতে উত্তরবঙ্গে একাধিক কর্মসূচি পালন করে বিএনপি। গত নির্বাচনের আগে দলটির শীর্ষ নেতা তারেক রহমান প্রতিশ্রুতি দেন, ক্ষমতায় গেলে তারা তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন করবেন। সেটিরই অংশ হিসেবে এখন চীনের সঙ্গে প্রকল্পটি নিয়ে আলোচনা শুরু করেছে সরকার। কিন্তু তাতে কতটা ভরসা পাচ্ছেন বন্যা, খরা ও নদী ভাঙনের ভুক্তভোগি তিস্তাপারের বাসিন্দারা? "এ ধরনের আলোচনা আমরা আগেও বিভিন্ন সময় দেখেছি। কিন্তু যতক্ষণ না প্রকল্পটির আনুষ্ঠানিক উদ্বোধন হচ্ছে বা এ বিষয়ে সরকারের পক্ষ থেকে সুনির্দিষ্ট করে রোডম্যাপ ঘোষণা করা হচ্ছে, ততক্ষণ পর্যন্ত আমরা আশ্বস্ত হতে পারছি না," বলেন 'তিস্তা বাঁচাও নদী বাঁচাও সংগ্রাম পরিষদে'র সভাপতি মি. হক্কানী।

চীন-ভারতের আগ্রহের কারণ কী?

বিশ্লেষকদের মতে, তিস্তা নিয়ে চীন ও ভারতের আগ্রহ মূল কারণ কৌশলগত। এর মধ্যে চীনের আগ্রহী হয়ে ওঠার বড়ো একটি কারণ 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' বা বিআরআই প্রজেক্ট বলে মনে করেন কেউ কেউ। বিআরআই প্রকল্পের মাধ্যমে চীন এশিয়া, ইউরোপ এবং আফ্রিকা মহাদেশকে একই সুতোয় গাঁথতে চাইছে। চীনের বিআরআই প্রকল্পের আওতাধীন বাংলাদেশ-চীন-ভারত-মিয়ানমার অর্থনৈতিক করিডোর। প্রস্তাবিত এই করিডোরের মাধ্যমে চীন তাদের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ইউনান প্রদেশকে মিয়ানমার এবং বাংলাদেশের মাধ্যমে ভারতের পশ্চিমবঙ্গের সাথে যুক্ত করতে চায়। এজন্য তিস্তা বহুমুখী প্রকল্পকে চীন অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করে বলে মনে করেন বিশ্লেষকরা। "অন্য কোনোভাবে এই করিডোরগুলো বা এই ধরনের কানেক্টিভিটি প্ল্যানগুলো চরিতার্থ করা যায় কি না, সেটা অবশ্যই চীনের উদ্দেশ্য তো থাকবেই," ২০২৪ সালে বিবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছিলেন ভারতের গবেষণা সংস্থা 'অবজারভার রিসার্চ ফাউন্ডেশনে'র গবেষক অনুসূয়া বসু রায় চৌধুরী। সেই কারণে তিস্তা প্রকল্প নিয়ে চীনের আগ্রহকে ভারত বরাবরই সন্দেহের চোখে দেখে এসেছে। ভারত মনে করে, চীন তাদের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের মাধ্যমে ভারতকে চারপাশ থেকে ঘিরে ফেলতে চায়। সেজন্য তিস্তা প্রকল্পে চীনকে হটিয়ে ভারত নিজেই যুক্ত হতে চায় বলে মনে করেন মিজ চৌধুরী। যদিও আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক ড. ইমতিয়াজ আহমেদ মনে করেন, তিস্তা ব্যারেজ প্রকল্প নিয়ে চীনের সেভাবে কোনো ভূ-রাজনৈতিক স্বার্থ নেই। "তিস্তা নদীতে এটি বাংলাদেশের প্রকল্প, এটি চীনের কোনো প্রকল্প নয়। চীন শুধু এখানে অর্থায়ন করতে রাজি হয়েছে। কারণ অন্যরা সে অর্থ দিতে পারছে না," বলেন ড. আহমেদ। ভারতকে প্রকল্পের দায়িত্ব দেওয়া হলে সেটি শেষ পর্যন্ত কতটুকু বাস্তবায়িত হবে, সে বিষয়েও আশঙ্কা প্রকাশ করেছেন অনেকে। "ভারতই তো তিস্তার সমস্যার জন্য দায়ী। তারাই তো পানি আটকে রাখে, আবার যখন দরকার থাকে না, তখন ছেড়ে দেয়। তারা এই প্রকল্প বাস্তবায়নের বিষয়ে আদৌ আন্তরিক কি-না, সেটাও ভেবে দেখার দরকার আছে," বলছিলেন মি. হক্কানী। (বিবিসি ওয়েব পেজ : ০৬.০৫.২০২৬ আলী আহমেদ)

**যুক্তরাষ্ট্রের সঙ্গে কেবল 'ন্যায্য ও সমন্বিত' চুক্তিই গ্রহণ করবে ইরান : আরাঘচি**

চীন সফরে থাকা ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, মধ্যপ্রাচ্যে যুদ্ধের অবসান ঘটাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় ইরান শুধু একটি “ন্যায্য ও সমন্বিত চুক্তি” গ্রহণ করবে। বেইজিংয়ে তিনি চীনা পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ইর সঙ্গে বৈঠক করেছেন। ইরানি গণমাধ্যমের বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, ওয়াং ই'র সঙ্গে বৈঠকের পর ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, “আমরা আলোচনায় আমাদের বৈধ অধিকার ও স্বার্থ রক্ষায় সর্বোচ্চ চেষ্টা করব”। অ্যাসোসিয়েটেড প্রেস (এপি) জানিয়েছে, আরাঘচিকে চীনের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, দুই মাসের বেশি সময় ধরে চলা এই যুদ্ধ নিয়ে চীন “গভীরভাবে উদ্বিগ্ন” এবং এই পরিস্থিতিতে একটি “সামগ্রিক যুদ্ধবিরতি” অনিবার্য। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ২৮শে ফেব্রুয়ারি ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করার পর থেকে এটি ছিল কোনো ইরানি পররাষ্ট্রমন্ত্রীর প্রথম চীন সফর। এপি'র তথ্য অনুযায়ী, বৈঠকে ওয়াং ই বলেন, “আমরা বিশ্বাস করি একটি সমগ্র যুদ্ধবিরতি জরুরি। আবার বৈরিতার সূত্রপাত গ্রহণযোগ্য নয় এবং সংলাপ ও আলোচনার প্রতি অঙ্গীকার বজায় রাখা বিশেষভাবে গুরুত্বপূর্ণ”।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## যুদ্ধ শুরুর পর থেকে ২৬টি জাহাজে হামলা – ইউকেএমটিও

মধ্যপ্রাচ্যে ইরান যুদ্ধ শুরুর পর থেকে এখন পর্যন্ত ২৬টি জাহাজে হামলার ঘটনা ঘটেছে বলে জানিয়েছে যুক্তরাজ্যের সামুদ্রিক কর্তৃপক্ষ ইউকেএমটিও (ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস)। তারা বলছে, ২৮শে ফেব্রুয়ারি থেকে পারস্য উপসাগর, ওমান উপসাগর এবং হরমুজ প্রণালির “ভেতরে ও আশপাশে” মোট ৪৬টি ঘটনার খবর পেয়েছে তারা। এর মধ্যে ২৬টি ছিল হামলা, ১৮টি ছিল “সন্দেহজনক তৎপরতা” সংক্রান্ত প্রতিবেদন এবং এর পাশাপাশি দুটি ছিনতাইয়ের ঘটনাও রিপোর্ট করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## হাম ও উপসর্গ নিয়ে আরও সাত জনের মৃত্যু

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে সাতজন মারা গেছেন। এদের মাঝে দু'জন নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। আজ বুধবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, গত ১৫ই মার্চ থেকে আজ ছয়ই মে সকাল ৮টা পর্যন্ত নিশ্চিত হামে দেশজুড়ে ৫৬ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ২৬৮ জন। ওই সময়সীমার মাঝে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ছয় হাজার ৯৯ জন ও সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৪৪ হাজার ২৬০ জন।(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## ১১ বছরের শিশুকে ধর্ষণের মামলায় অভিযুক্ত মাদ্রাসা শিক্ষক গ্রেফতার

নেত্রকোনার মদন উপজেলার একটি কওমি মাদ্রাসার দ্বিতীয় শ্রেণিতে পড়ুয়া ১১ বছর বয়সী শিশুকে ধর্ষণের মামলায় অভিযুক্ত সেই শিক্ষককে গ্রেফতার করেছে র্যাব। আজ বুধবার মদন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম বিবিসি বাংলাকে খবরটি নিশ্চিত করেছেন। তিনি জানিয়েছেন, আজ ভোরে ময়মনসিংহের গৌরীপুর থেকে ওই শিক্ষককে গ্রেফতার করা হয়েছে। বিকেল ৫টার দিকে তিনি বলেছেন, "ওই শিক্ষককে এখনো র্যাবের পক্ষ থেকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়নি। কাছাকাছি চলে এসেছে। হাতে পেলে আমরা আইনগতভাবে তাকে আদালতে সোপর্দ করবো।"(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## ইরানকে ট্রাম্পের হুঁশিয়ারি, চুক্তি না হলে 'আরও তীব্র' বোমা হামলা

যুক্তরাষ্ট্র ও ইরানের যুদ্ধ পরিস্থিতি নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়েছেন, চুক্তি হলে ইরান যুদ্ধের ও যুক্তরাষ্ট্রের অবরোধের অবসান হতে পারে। তবে ইরান রাজি না হলে বোমা হামলা আরও তীব্র হতে পারে। আজ বুধবার তার মালিকানাধীন সোশাল প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে তিনি এই মন্তব্য করেন। তিনি বলেন, "যা নিয়ে সমঝোতা হয়েছে, ইরান যদি তা দেয় – তাহলে অপারেশন এপিক ফিউরি শেষ হয়ে যাবে।" যদিও তিনি নিজেই নিশ্চিত নন যে ইরান আসলে সেই শর্তগুলো মেনে নেবে কি না। তিনি আরও বলেন, শর্ত মেনে নিলে হরমুজ প্রণালিতে ইরানের বন্দরগুলোর ওপর যে মার্কিন অবরোধ চলছে, সেটি তখন তুলে নেওয়া হবে এবং ইরানসহ সবার জন্য হরমুজ প্রণালি উন্মুক্ত থাকবে। একই সঙ্গে ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়ে এও বলেন, ইরান চুক্তিতে রাজি না হলে আবারও বোমা হামলা শুরু হবে এবং "দুঃখজনকভাবে সেটি মাত্রা ও তীব্রতা আগের চেয়ে অনেক বেশি হবে"।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## বিজিবিকে সতর্ক থাকতে বলা হয়েছে: পুশব্যাকের আশঙ্কা প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী

পার্শ্ববর্তী দেশ ভারতের পশ্চিমবঙ্গের রাজনৈতিক প্রেক্ষাপটে পুশব্যাকের আশঙ্কা রয়েছে কি না- এমন প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বর্ডার গার্ড বাংলাদেশকে (বিজিবি) সীমান্তে সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকতে বলা হয়েছে। "আমরা নির্দেশ দিয়েছি যাতে বর্ডারগুলোতে অ্যালার্ট থাকে। সেই রকম কোনো সম্ভাবনা দেখি না। তারপরও সতর্ক থাকতে বলেছি। যদি হয়, তাহলে যেন তারা অ্যাড্রেস করতে পারে। আমার মনে হয় সেরকম কিছু ঘটবে না," আজ দুপুরে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী এসময় আরো বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে জমা না দেওয়া প্রায় ১০ হাজার অবৈধ

অস্ত্র উদ্ধারে সাঁড়াশি অভিযান, মামলা ও বাজেয়াপ্তকরণ প্রক্রিয়া জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে এবং বিগত সরকারের আমলে দায়েরকৃত 'গায়েবি' ও ভুয়া মামলা নিরসনে সরকার কাজ করছে। মন্ত্রী জানান যে, মাদক, জুয়া ও অনলাইন বেটিং-এর বিরুদ্ধে সরকারের 'জিরো টলারেন্স' নীতি এবং এ বিষয়ে নিয়মিত অভিযান চলবে।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

**দক্ষিণ লেবাননে ইসরায়েল ও হেজবুল্লাহ'র পাল্টাপাল্টি হামলা**

যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে কোনো চুক্তি হবে, নাকি হবে না- এ নিয়ে প্রশ্ন থাকলেও ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী-আইডিএফ জানিয়েছে যে তারা দক্ষিণ লেবাননে হেজবুল্লাহ'র লক্ষ্যবস্তুতে হামলা অব্যাহত রেখেছে। এক বিবৃতিতে আইডিএফ জানায়, ইরান-সমর্থিত লেবাননের সশস্ত্র গোষ্ঠী হেজবুল্লাহ'র ছোঁড়া দু'টি বিস্ফোরক ড্রোনে দুই ইসরায়েলি সেনা আহত হয়েছেন। অন্যদিকে, হেজবুল্লাহ'র সাথে সম্পর্কিত একাধিক টেলিগ্রাম গ্রুপে প্রকাশিত কয়েকটি পোস্টে বলা হয়েছে, সংগঠনটি দক্ষিণ লেবাননে ইসরায়েলি বাহিনীকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। এদিকে, লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে দেশটির ন্যাশনাল নিউজ এজেন্সি জানিয়েছে, পশ্চিমের বেকা জেলার দক্ষিণের শহর জিলাইয়াতে একটি ইসরায়েলি হামলায় চারজন নিহত ও পাঁচজন আহত হয়েছেন। এর আগে, আজ আইডিএফের মুখপাত্র আভিচে আদরাই ওই শহরের বাসিন্দাদের সরে যেতে বলেছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

**যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া চুক্তি নিয়ে যা বললেন প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা**

যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পাদিত বাণিজ্য বাতিলের পথে না গিয়ে সরকার এর প্রতি পূর্ণ শ্রদ্ধা রেখেই এগোতে চায় বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর। বুধবার সচিবালয়ে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, এই চুক্তির কাঠামোর অধীনেই দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হবে। তবে জাতীয় স্বার্থের পরিপন্থি কোনো বিষয় থাকলে তা আলোচনার মাধ্যমে সমাধানের সুযোগ সব সময় খোলা থাকবে বলেও জানান তিনি। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। তিনি বলেন, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ভঙ্গুর অর্থনীতি পুনরুদ্ধারে যুক্তরাষ্ট্রের প্রযুক্তি ও উদ্ভাবনী সক্ষমতা কাজে লাগানো হবে। বিশেষ করে ওষুধ শিল্পে রপ্তানি বৃদ্ধি ও উৎপাদনশীলতা বাড়ানোর ওপর জোর দেওয়া হচ্ছে। আন্তর্জাতিক সম্পর্কের বিষয়ে তিনি বলেন, "বাংলাদেশ কোনো একক রাষ্ট্রের সঙ্গে একচেটিয়া সম্পর্কের পক্ষপাতী নয়; বরং সবার সঙ্গে অন্তর্ভুক্তিমূলক সম্পর্ক গড়ে তুলতে চায়।" তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রসহ সব বন্ধুপ্রতিম দেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক জোরদারে আলোচনা অব্যাহত রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## এনএইচকে

**হরমুজ প্রণালিতে 'প্রজেক্ট ফ্রিডম' আপাতত স্থগিত করলেন ট্রাম্প**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালি দিয়ে নিরাপদে জাহাজ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে চালানো মার্কিন অভিযান সাময়িকভাবে স্থগিত করার ঘোষণা দিয়েছেন। ট্রাম্প মঙ্গলবার সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্টে বলেছেন যে, ইরানের সঙ্গে একটি চুক্তি "চূড়ান্ত ও স্বাক্ষরিত হতে পারে কিনা" তা দেখার জন্য তথাকথিত 'প্রজেক্ট ফ্রিডম' "কিছু সময়ের জন্য" স্থগিত করা হবে। তিনি লিখেছেন যে, "ইরানের প্রতিনিধিদের সঙ্গে একটি পূর্ণাঙ্গ ও চূড়ান্ত চুক্তির পথে ব্যাপক অগ্রগতি হয়েছে।" পাকিস্তান ও অন্যান্য দেশও একটি বিরতি টানার অনুরোধ করেছে বলে তিনি উল্লেখ করেন। তবে 'ব্যাপক অগ্রগতি' বলতে তিনি কী বোঝাতে চাইছেন তা তিনি সুনির্দিষ্টভাবে উল্লেখ করেননি। তিনি আরও লিখেছেন যে, ইরানের বন্দরগুলোর ওপর মার্কিন নৌ অবরোধ বহাল থাকবে।
(এনএইচকে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের আমলের মামলাগুলো যাচাই করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশে ২০২৪ সালের ৫ আগস্টের পর অন্তর্বর্তী সরকারের সময়ে হওয়া অভ্যুত্থান সংশ্লিষ্ট মামলাগুলোর জেলাভিত্তিক তথ্য চেয়েছে দেশটির সরকার। এগুলো যাচাই করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। চার দিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের শেষ দিন আজ বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়-সম্পর্কিত অধিবেশন শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সাংবাদিকদের এ কথা জানান। জুলাই অভ্যুত্থানে আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পর ২০২৪ সালের ৮ আগস্ট অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার গঠিত হয়। গত ফেব্রুয়ারিতে নির্বাচনের মধ্যদিয়ে বিএনপি সরকার গঠনের আগ পর্যন্ত ওই সরকার দায়িত্ব পালন করেছিল। সালাহউদ্দিন আহমদ বলেন, ৫ আগস্টের পর বৈষম্যবিরোধী আন্দোলনের সঙ্গে সংশ্লিষ্ট বেশ কিছু মামলা হয়েছে, যেগুলো গণহত্যার মামলা এবং আওয়ামী ফ্যাসিবাদীর বিভিন্ন মানবতাবিরোধী অপরাধের মামলা। এখানে তাদের (ডিসি) কাছে তালিকা চাওয়া হয়েছে, জেলাওয়ারি কতগুলো মামলা হয়েছে। এগুলো রিমোট জেলায় হয়ত কম, কিন্তু মহানগরগুলোতে একটু বেশি। যাচাই-বাছাই করে দেখা হবে।

এসব মামলা যাচাইয়ের উদ্যোগের কারণ ব্যাখ্যা করে তিনি বলেন, অনেক মামলার মধ্যে হাজার হাজার লোককে আসামি করা হয়েছে। সেগুলো যাচাই-বাছাই করে দেখা হবে প্রকৃত অর্থে প্রকৃত আসামি কারা। সেটা তদন্ত কর্মকর্তারা তদন্ত করে দেখবেন, যাতে স্বল্প সময়ের ভেতরে সেটি ডিসপোজড (নিষ্পত্তি) করা যায়। আর যাদের উদ্দেশ্যপ্রণোদিতভাবে মামলায় অন্তর্ভুক্ত করা হয়েছে, তাদের যাতে নিষ্কৃতি দেয়, সেই সুপারিশ করেছেন। সম্পূর্ণ প্রক্রিয়াটি আইনিভাবে নিষ্পন্ন করা হবে বলে জানান সালাহউদ্দিন আহমদ। মামলাগুলো নিয়ে তথ্য পাঠাতে ডিসিদের কতদিন সময় দেওয়া হয়েছে, তা জানতে চাইলে তিনি বলেন, 'যথাশীঘ্র' | তবে মৌখিকভাবে সর্বোচ্চ এক মাসের মধ্যে পাঠাতে বলা হয়েছে। কেউ যদি দেরি করে থাকে, ন্যায়বিচারের স্বার্থে সেটাও বিবেচনা করা হবে।
(রেডিও তেহরান : ০৬.০৫.২০২৬ আলী আহমেদ)

# ডয়চে ভেলে

## নেত্রকোনায় ১১ বছরের শিশু অন্তঃসত্ত্বা, শিক্ষক গ্রেফতার

নেত্রকোনার মদন উপজেলায় ১১ বছর বয়সী মাদ্রাসাছাত্রীর অন্তঃসত্ত্বা হয়ে পড়ার ঘটনায় করা মামলার আসামি মাদ্রাসার শিক্ষককে গ্রেফতার করা হয়েছে। গতকাল মঙ্গলবার দিবাগত রাত তিনটার দিকে ময়মনসিংহের গৌরীপুর উপজেলা থেকে র‍্যাব-১৪–এর একটি দল তাকে গ্রেফতার করে। র‍্যব-১৪ মিডিয়ার দায়িত্বে থাকা কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মো. সামসুজ্জামান জানিয়েছেন, বুধবার দুপুর ১২টায় ময়মনসিংহ আকুয়া বাইপাস এলাকায় র্যাবের ব্যাটালিয়ন সদরে প্রেসব্রিফিং করা হবে। স্থানীয় বাসিন্দা, এজাহার ও পুলিশ সূত্রে জানা গেছে, ঐ শিক্ষক চার বছর আগে একটি মহিলা কওমি মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। শিশুটি তার নানার বাড়িতে থেকে সেখানে লেখাপড়া করত। শিশুটির বাবা তার মাকে ছেড়ে অন্যত্র চলে যাওয়ায় জীবিকার তাগিদে মা সিলেটে একটি বাসায় গৃহপরিচারিকার কাজ করেন। সম্প্রতি শিশুটি অসুস্থ বোধ করছিল এবং তার মধ্যে শারীরিক পরিবর্তন দেখা যায়। পরে তার মা সিলেট থেকে এসে মেয়েকে জিজ্ঞাসাবাদ করে বিষয়টি জানতে পারেন। পরে গত ১৮ এপ্রিল শিশুটিকে মদন উপজেলা শহরে একটি ক্লিনিকে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রয়োজনীয় বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা শেষে চিকিৎসক জানান, শিশুটি অন্তঃসত্ত্বা। পরে এ ঘটনায় ঐ ছাত্রীর মা বৃহস্পতিবার বাদী হয়ে থানায় মামলা করেন। মামলা হওয়ার পর থেকে আসামি মাদ্রাসা শিক্ষককে গ্রেফতারে অভিযান চালিয়ে যাচ্ছিল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৫ ২০২৬ রনি)

## ফলপ্রকাশের পরই রাজনৈতিক সহিংসতা শুরু, মৃত চার

ভোটের আগে বা ভোটগ্রহণের দিন পশ্চিমবঙ্গে সহিংসতা হয়নি, কিন্তু ভোটপর্ব মেটার পরেই রাজ্যের বিভিন্ন জায়গা থেকে সহিংসতার অভিযোগ আসছে। সন্দেশখালির ন্যাজাটে সংঘর্ষ থামাতে গিয়ে থানার ওসি ও দুই কনস্টেবল গুলিবিদ্ধ হয়েছেন। বীরভূমের নানুর থানার সন্তোষপুর গ্রামে তৃণমূলের বুথ সভাপতি আবির শেখকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করা হয়েছে। পুলিশ জানিয়েছে, তারা তদন্ত করছে। ভোটের দিন তৃণমূলের বুথ এজেন্টকে কলকাতার বেলেঘাটায় হত্যা করা হয়েছে বলে অভিযোগ। নিউ টাউনে এক বিজেপি কর্মী খুন হয়েছেন বলে অভিযোগ। হাওড়ার উদয়নায়ারণপুরে এক বিজেপি কর্মীকে খুন করা হয়েছে। তৃণমূলের অভিযোগ, নিউ মার্কেটে বিজেপি কর্মীরা বুলডোজার নিয়ে পৌঁছে যায়। তারা একটি মাংসের দোকান ভেঙে দিতে যায়। আসানসোলে বেশ কয়েকটি তৃণমূল কার্যালয়ে ভাঙচুর, আগুন লাগানো, গেরুয়া রং করে দেওয়া হয়েছে বলে অভিযোগ। রূপনারায়ণপুর টোল প্লাজা, কুমারপুর, কুলটি, রানিগঞ্জ, জামুড়িয়া, বারাবনি এবং বার্ণপুরে তৃণমূলের একাধিক দলীয় কার্যালয়ে হাঙ্গামার অভিযোগ উঠেছে। ভোটের ফলপ্রকাশের পর সন্দেশখালির ন্যাজাটে দুই দলের সংঘর্ষের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। সেখানে পুলিশকে লক্ষ্য করে গুলি চালানো হয়। তৃণমূলের অভিযোগ, জেলায় জেলায় তাদের একের পর এক অফিস দখল করা হচ্ছে, ভাঙচুর করা হচ্ছে। ভোটের আগেই জানানো হয়েছিল, আগামী দুই মাস কেন্দ্রীয় বাহিনী পশ্চিমবঙ্গে থাকবে। তাদের থাকা অবস্থাতেই পশ্চিমবঙ্গে ভোট মিটতেই সহিংসতা শুরু হয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার নির্দেশ দিয়েছেন, অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৫ ২০২৬ রনি)

## ইরান যুদ্ধ শুরুর আড়াই মাস পর বাংলাদেশে আবার তেলবাহী জাহাজ

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনা ও সরবরাহ সংকটের কারণে দীর্ঘ আড়াই মাস বন্ধ থাকার পর বাংলাদেশে পৌঁছেছে অপরিশোধিত জ্বালানি তেল (ক্রুড অয়েল)-এর নতুন চালান। আজ বুধবার দুপুরে প্রায় এক লাখ টন তেল নিয়ে 'এমটি নাইনেমিয়া' জাহাজটি চট্টগ্রাম বন্দরের জলসীমায় পৌঁছায় বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। চট্টগ্রাম বন্দর সচিব সৈয়দ রেফায়েত হামিম দ্য ডেইলি স্টারকে বলেন, জাহাজটি দুপুর সাড়ে ১২টার দিকে কুতুবদিয়া আউটার অ্যাংকারেজে নোঙর করেছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)-র তথ্য অনুযায়ী, দেশের মোট জ্বালানি চাহিদার সিংহভাগ (প্রায় ৭৫-৮০ শতাংশ) সরাসরি পরিশোধিত তেল আমদানির মাধ্যমে মেটানো হয়। বাকি ২০-২৫ শতাংশ চাহিদা পূরণ হয় আমদানি করা অপরিশোধিত তেল ইস্টার্ন রিফাইনারিতে পরিশোধনের মাধ্যমে। বছরে গড়ে ১৫ থেকে ১৬ লাখ টন ক্রুড অয়েল এখানে পরিশোধন করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন,

সাম্প্রতিক সরবরাহ বিঘ্নে পরিশোধন কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ায় জ্বালানি ব্যবস্থাপনায় যে চাপ তৈরি হয়েছিল, নতুন এই চালান আসায় তা অনেকটাই কেটে যাবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৬.০৫ ২০২৬ রনি)

# জাগো নিউজ

## এমপি হিসেবে শপথ নিলেন নুসরাত তাবাসসুম

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন নুসরাত তাবাসসুম। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম তাকে শপথ বাক্য পাঠ করান। (বুধবার) সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়ার সঞ্চালনায় জাতীয় সংসদের স্পিকারের কার্যালয়ে নবনির্বাচিত এই সংসদ সদস্যের শপথগ্রহণ অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৪৮ এর তৃতীয় তফসিল ও জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি-৫ অনুযায়ী, জাতীয় সংসদের স্পিকার নবনির্বাচিত সংসদ সদস্যকে শপথ পাঠ করান। শপথগ্রহণ শেষে নববির্বাচিত সংসদ সদস্য রীতি অনুযায়ী সংসদ সচিবের রুমে শপথ বইয়ে স্বাক্ষর করেন। শপথ অনুষ্ঠানে ডেপুটি স্পিকার, বিরোধী দলের চিফ হুইপ, সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## হামের ১৫ লাখ টিকা এলো দেশে

দেশে টিকাদান কার্যক্রম জোরদার করতে বৃহৎ পরিসরে ভ্যাকসিন সংগ্রহ করছে সরকার। এরই অংশ হিসেবে ইউনিসেফ ও গাভির মাধ্যমে হামের ১৫ লাখ এবং টিটেনাস-ডিপথেরিয়ার (টিডি) ৯ লাখ ভ্যাকসিন দেশে এসেছে। বুধবার (৬ মে) দুপুরে এসব ভ্যাকসিন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছায়। এ উপলক্ষে আয়োজিত এক ব্রিফিংয়ে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেন, পূর্ববর্তী সরকারের কিছু সিদ্ধান্তের কারণে ইপিআই কর্মসূচি ক্ষতিগ্রস্ত হলেও বর্তমান সরকার এটি সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। ওপেন টেন্ডারের মাধ্যমে ভ্যাকসিন ক্রয়ের সিদ্ধান্ত বাতিল করে সরাসরি ইউনিসেফের মাধ্যমে ভ্যাকসিন সংগ্রহের উদ্যোগ নেওয়া হয়েছে, যা দ্রুত বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন, সরকার এরই মধ্যে ৮৩.৬ মিলিয়ন মার্কিন ডলার ইউনিসেফকে প্রদান করেছে, যার মাধ্যমে ১০ ধরনের প্রায় ৯৫ মিলিয়ন ডোজ ভ্যাকসিন সংগ্রহ করা হচ্ছে। ৩ মে প্রথম চালানে ১৫ লাখের বেশি আইপিভি ভ্যাকসিন দেশে পৌঁছায়। আজ ৬ মে আরও ১৫ লাখ ডোজ এমআর এবং লাখ ডোজ টিডি ভ্যাকসিন এসেছে।মন্ত্রী আরও জানান, আগামী ১০ মে'র মধ্যে আরও প্রায় ১ কোটি ৮০ লাখ বিভিন্ন ধরনের ভ্যাকসিন দেশে পৌঁছাবে এবং সেপ্টেম্বরের মধ্যে পুরো সরবরাহ সম্পন্ন হবে বলে পরিকল্পনা রয়েছে। বর্তমানে দেশে হামের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে 'হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২৬' চালু রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## পশুবাহী পরিবহনে চাঁদাবাজির ঘটনা ঘটলে কঠোর হস্তে দমন

আসন্ন ঈদে কোরবানির পশু পরিবহনে সড়কে কোনো চাঁদাবাজির ঘটনা ঘটবে না বলে নিশ্চয়তা দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তিনি বলেন, আমরা সরকারের পক্ষ থেকে এটুকু নিশ্চয়তা দিতে পারি, কোরবানির পশু নিয়ে চাঁদাবাজির ঘটনা ঘটলে কঠোর হস্তে দমন করা হবে। বুধবার (৬ এপ্রিল) রাজধানীর গাবতলী গরুর হাটের ব্যবস্থাপনা উন্নয়ন এবং গাবতলী বাস টার্মিনালে প্রবেশের নতুন রাস্তা নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন শেষে এক প্রশ্নের জবাবে এসব বলেন তিনি। মীর শাহে আলম বলেন, আমরা আশা করি যে আগামী ঈদুল আজহায় পশুরহাট এবং দেশবাসীর ঢাকা ছেড়ে যাওয়া এবং আসার রাস্তাগুলো যেন নির্বিঘ্ন থাকে, এ ব্যাপারে আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় বিভাগ সজাগ থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## খেলার মাঠে আর মেলার অনুমতি নয়: ক্রীড়া প্রতিমন্ত্রী

ভবিষ্যতে খেলার মাঠে মেলা করার অনুমতি দেওয়া হবে না বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোহাম্মদ আমিনুল হক। বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের চতুর্থ ও শেষ দিনের প্রথম অধিবেশন শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এতে অংশ নেয়। জেলা পর্যায়ের মাঠগুলোতে মেলার কারণে খেলাধুলা বন্ধ থাকা নিয়ে জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, 'নতুন কুড়ি স্পোর্টস কিন্তু ৬৪টা জেলার জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত হচ্ছে। আমি আশা করি যে এই মুহূর্তে আমরা এরইমধ্যে নীতিগত সিদ্ধান্ত নিয়েছি, যুব এবং ক্রীড়া মন্ত্রণালয় মেলার জন্য বিগত সময় অনেক সময় দেখেছি যে পারমিশন দেওয়া হয়েছে মেলা করার জন্য। বাট আমি দায়িত্ব নেওয়ার পরে এখন পর্যন্ত কোনো মেলা উদযাপন করার জন্য কোনো দায়িত্ব বা কোনো পারমিশন দেওয়া হয়নি। ভবিষ্যতেও স্টেডিয়ামকে ব্যবহার করে কেউ মেলার জন্য ব্যবহার করবে সেই সুযোগটি আমরা দেবো না।' (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## সামাজিক নিরাপত্তায় ভাতাভোগী নির্বাচনে অনিয়ম যাচাইয়ে কমিটি

সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী নির্বাচনে বিগত সময়ে হওয়া অনিয়ম যাচাই-বাছাই করার জন্য কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ফারজানা শারমীন। বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের চতুর্থ ও শেষ দিনের প্রথম অধিবেশন শেষে তিনি সাংবাদিকদের একথা জানান।

সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সঙ্গে এ অধিবেশন হয়। বিগত সময়ে সঠিক ভাতাভোগীর কাছে ভাতা পৌঁছে দেওয়া সম্ভব হয়নি, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে প্রতিমন্ত্রী বলেন, এই বিষয়ে এরইমধ্যে আমাদের কমিটি হয়েছে। যত ধরনের ভাতাভোগী লিস্ট ছিল এই লিস্টগুলোকে রিভিজিট করার জন্য কমিটি গঠন করা হয়েছে। জিটুপি (সরকার থেকে ব্যক্তি) পদ্ধতিতে প্রক্সিমিন টেস্টের মাধ্যমে আমরা বেনিফিশিয়ারি সিলেক্ট করছি। যাদের চাহিদা আছে, যারা যারা পাওয়ার যোগ্য, দল-মত সব কিছুর উর্ধ্বে উঠে গিয়ে যোগ্য মানুষের কাছে তাদের বেনিফিটটা পৌঁছায় সেটা নিশ্চিত করার জন্য এরইমধ্যে কমিটি গঠিত হয়েছে। সব ধরনের সুযোগ সুবিধা যেন যারা সুবিধাভোগী তাদের কাছেই পৌঁছায়, এটাকে নিশ্চিত করার জন্য সব ধরনের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। টানেলের এপার এবং ওপারের যদি সমন্বয়টা ভালোমতো হয় তাহলে অবশ্যই এটা কার্যকর হবে। তিনি বলেন, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলাবিষয়ক মন্ত্রণালয়, এ দুটো মন্ত্রণালয় মিলে বাংলাদেশের ৮২ শতাংশ জনসংখ্যা নিয়ে কাজ করে। এই মন্ত্রণালয় দুটোরই কাজের পরিমাণ কোয়ালিটি কোয়ান্টিটি অনেক বেশি, কিন্তু আওয়াজ অনেক কম। তো আমাদের বেসিক্যালি যেটা আমরা আজকে চেয়েছি, আমাদের জেলা প্রশাসক মহোদয় যারা আছেন বিভাগীয় কমিশনার যারা আছেন, তাদের কাছে যে ব্রিজিংটা আছে, মন্ত্রণালয় থেকে তৃণমূল পর্যন্ত পৌঁছানোর জন্য তারা কিন্তু কানেক্টিভিটিটা করে থাকেন। টানেলের এপারে আমরা আছি টানেলের ওপারে উনারা আছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## রাঙ্গুনিয়ায় ধর্ষণ মামলার পলাতক আসামি গ্রেফতার

চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় অভিযান চালিয়ে ধর্ষণ মামলার ওয়ারেন্টভুক্ত এক পলাতক আসামিকে গ্রেফতার করেছে র্যাব-৭। মঙ্গলবার (৫ মে) রাঙ্গুনিয়া থানাধীন লিচুবাগান এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার হওয়া ব্যক্তির নাম নূরনবী (৫০)। তিনি রাঙ্গুনিয়া উপজেলার পারুয়া ইউনিয়নের বাসিন্দা। র্যাব-৭ জানায়, রাঙ্গুনিয়া থানার নারী ও শিশু নির্যাতন দমন আইনের একটি মামলায় নূরনবী ওয়ারেন্টভুক্ত পলাতক আসামি ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, তিনি নিজ এলাকায় অবস্থান করছেন। এ তথ্যের ভিত্তিতে গতকাল সন্ধ্যা সাড়ে ৬টার দিকে রাঙ্গুনিয়া থানাধীন লিচুবাগান এলাকায় অভিযান চালানো হয়। অভিযানে নূরনবীকে গ্রেফতার করা হয়। র্যাব-৭ এর সহকারী পুলিশ সুপার ও সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফফর হোসেন জানান, গ্রেফতার হওয়া আসামিকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য রাঙ্গুনিয়া থানায় হস্তান্তর করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## গাছ লাগানো কর্মসূচি বাস্তবায়নে ডিসিদের সহযোগিতা চাইলেন পরিবেশমন্ত্রী

সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী গাছ লাগানো কর্মসূচি বাস্তবায়নে জেলা প্রশাসকদের (ডিসি) সহযোগিতা চেয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু। বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের চতুর্থ ও শেষ দিনের দ্বিতীয় অধিবেশন শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে এ অধিবেশন হয়। বিএনপির নির্বাচনি ইশতেহার অনুযায়ী, পাঁচ বছরে ২৫ কোটি গাছের চারা রোপণ করা হবে। ইতোমধ্যে শুরু হয়েছে এ কর্মসূচি। পরিবেশমন্ত্রী বলেন, বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থা, যে সাংবিধানিক স্ট্রাকচার, তাতে অন্যান্য দেশে যেমন একটা স্থানীয় সরকার থাকে শক্তিশালী, যেমন আমাদের দেশে ইউনিয়ন কাউন্সিল আছে, উপজেলা কাউন্সিল আছে, এখন আমাদের জেলা পরিষদও আছে। কিন্তু জেলা পরিষদ তো ওইভাবে সক্রিয় বা শক্তিশালী না। তো আমরা মন্ত্রণালয় থেকে যাই ব্যবস্থা নিতে চাই, যাই কার্যক্রম হাতে নিই, যেটাই বাস্তবায়ন করতে চাই—আমাদের মূল চাবিকাঠি কিন্তু এখনো জেলা প্রশাসন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## সীমান্তে বিজিবিকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

ভারতের পশ্চিমবঙ্গে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) বিজয়ের পর বাংলাদেশে পুশব্যাক ঠেকাতে বর্ডার গার্ড বাংলাদেশকে (বিজিবি) সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত ডিসি সম্মেলনের চতুর্থ ও শেষ দিনের তৃতীয় অধিবেশন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। অধিবেশনটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে অনুষ্ঠিত হয়। ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ কাউকে বাংলাদেশি সন্দেহ করে সরাসরি সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঠেলে দিলে সেটি পুশব্যাক। ভারতের পশ্চিমবঙ্গে বিজেপির বিজয়ের পর বাংলাদেশে মুসলমানদের পুশব্যাক বাড়বে কি না জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমরা গতকালকে বিজিবিকে নির্দেশ দিয়েছি যাতে বর্ডারগুলোতে তারা অ্যালার্ট থাকে। কারণ সেই রকমের সম্ভাবনা দেখি না, যদি হয় যাতে অ্যাড্রেস করতে পারে সেজন্য আমরা আগে থেকে সতর্কতা অবলম্বন করেছি। তবে আমার মনে হয় না সেরকম কোনো ঘটনা ঘটবে।' আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে জেলা প্রশাসকদের কী ধরনের নির্দেশনা দিয়েছেন? জানতে চাইলে সালাহউদ্দিন আহমদ বলেন, 'এটা তো কমন ব্যাপার। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা তাদের একটা প্রধানতম দায়িত্ব। সেজন্য পুলিশ ডিপার্টমেন্ট, জেলা প্রশাসন সবাই সমন্বয় করেই কাজটা করে এবং ক্ষেত্রমতে বিচার বিভাগের সঙ্গেও তারা একটা সুসমন্বয় করে। এটা কোনো নির্দেশনার বিষয় নয়। এটা তাদের কাজের আওতা

পরিধির মধ্যে একটা হারমোনিয়াস কো-অপারেশন সবার সঙ্গে রাখতে হয়। একটা সুসমন্বয় রাখা এটা তাদের নিজেদের দায়িত্ব।' মাদক ও অবৈধ অস্ত্রের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত থাকবে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এ বিষয়ে আমরা জিরো টলারেন্স এজন্যই ঘোষণা করেছি যে মাদক, বিশেষ করে জুয়া অনলাইন— এগুলো বন্ধ না করতে পারলে সমাজের ব্যালেন্স নষ্ট হয়ে যাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## পদ্মা ব্যারাজ নিয়ে দ্রুত সিদ্ধান্ত, একনেকে উপস্থাপন হবে: এ্যানি

পদ্মা ব্যারাজ নিয়ে সরকার খুব শিগগির সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন পানি সম্পদমন্ত্রী ও বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। বুধবার (৬ মে) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। পদ্মা ব্যারাজ বাংলাদেশের জন্য খুবই প্রয়োজন উল্লেখ করে পানি সম্পদমন্ত্রী বলেন, পদ্মা ব্যারাজ নিয়ে আমরা খুব শিগগির সিদ্ধান্ত নেব। আগামী একনেকের সভায় বিষয়টি উপস্থাপন হবে। এছাড়াও তিস্তা মহাপরিকল্পনা নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। আর ১৮০ দিনে কী কী কাজ সম্পন্ন হবে সে বিষয়গুলো নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে আলোচনা হয়েছে। তিনি আরও জানান, পূর্ব ঘোষিত ১৬ মে চাঁদপুরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সেখানে অনেকগুলো কর্মসূচির মধ্যে খাল খনন কর্মসূচিরও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। এরপর আগামী ২৫ মে প্রধানমন্ত্রী ফেনী যাবেন বলেও জানান শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## ডিজিটাল বাস্তবতায় গণমাধ্যম ইকোসিস্টেম গড়ে তোলা হবে: তথ্যমন্ত্রী

দেশের গণমাধ্যম খাত এখনো মূলত অ্যানালগ কাঠামোর মধ্যে আটকে আছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, দ্রুত পরিবর্তিত ডিজিটাল বাস্তবতার সঙ্গে সামঞ্জস্য রেখে একটি রূপান্তরিত গণমাধ্যম ইকোসিস্টেম গড়ে তোলার উদ্যোগ নিয়েছে সরকার। একই সঙ্গে ভুল তথ্য ও অপতথ্য মোকাবিলা, আধুনিক তথ্য ব্যবস্থাপনা এবং সাংবাদিকদের চাকরির নিরাপত্তা নিশ্চিতে সমন্বিত পদক্ষেপ নেওয়ার কথাও জানিয়েছেন তিনি। বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের পর সাংবাদিকদের এসব কথা বলেন মন্ত্রী। তিনি বলেন, প্রধানমন্ত্রী সম্মেলনের উদ্বোধন করেন এবং পরে বিভিন্ন মন্ত্রণালয় নিজেদের দায়িত্ব-সংশ্লিষ্ট বিষয় নিয়ে জেলা প্রশাসকদের সঙ্গে আলোচনা করে থাকে। এর ধারাবাহিকতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ও জেলা প্রশাসকদের সঙ্গে মতবিনিময় করেছে। গণমাধ্যম খাতের কাঠামোগত দুর্বলতার প্রসঙ্গ তুলে মন্ত্রী বলেন, দীর্ঘদিন ধরে সমস্যাগুলোকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত না করায় গদবাঁধা চিন্তা ও কাজের মধ্যেই খাতটি পরিচালিত হয়েছে। এখন সেই অবস্থান থেকে বেরিয়ে বাস্তব পরিস্থিতি বিশ্লেষণ করে কাজ করতে চায় সরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## সাংবাদিকদের তথ্য দিতে সব জেলায় ফোকাল পারসন নিয়োগের সুপারিশ

মাঠ প্রশাসনের সঙ্গে সাংবাদিকদের সমন্বয় বাড়াতে জেলা পর্যায়ে একজন করে 'ফোকাল পারসন' নিয়োগের সুপারিশ করা হয়েছে। জেলা প্রশাসক সম্মেলনে জেলা প্রশাসকদের এ বিষয়ে সুপারিশ করা হয়েছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা। তিনি বলেন, এই প্রতিনিধি সাংবাদিকদের সঙ্গে সমন্বয় করবেন এবং তথ্য সরবরাহে সহায়তা করবেন, যাতে গণমাধ্যম আরও স্বচ্ছভাবে সংবাদ প্রকাশ করতে পারে। বুধবার (৬ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধিবেশন হয়। অধিবেশন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## দুর্নীতি প্রতিরোধে প্রচারণায় জেলা প্রশাসকদের সহযোগিতা চেয়েছে দুদক

শিক্ষাপ্রতিষ্ঠানসহ জেলা পর্যায়ে সর্বত্র দুর্নীতি প্রতিরোধে প্রচারাভিযানের জন্য জেলা প্রশাসকদের সহযোগিতা চেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বুধবার (৬ মে) ডিসি সম্মেলনের শেষ দিনে ডিসিদের সঙ্গে অধিবেশন শেষে দুদক সচিব মোহাম্মদ খালেদ রহীম সাংবাদিকদের এ কথা জানান। তিনি বলেন, দুদকের বর্তমান কাঠামোতে আমরা যে কাজগুলো করছি সে সম্পর্কে জেলা প্রশাসকদের ধারণা দেওয়া হয়েছে। দুর্নীতি প্রতিরোধমূলক যে কাজগুলো আছে সেখানে জেলা প্রশাসকদের ভূমিকা আছে। বিশেষত দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির বিষয়ে। সেখানে সক্রিয় ভূমিকা পালন করতে বলেছি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-চীন কৌশলগত অংশীদারত্ব জোরদারে অঙ্গীকার

বাংলাদেশ ও চীনের মধ্যে বিদ্যমান সমন্বিত কৌশলগত সহযোগিতাকে আরও গভীর করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে দুই পক্ষ। বেইজিংয়ে চীনের পিপলস পলিটিক্যাল কনসালটেটিভ কনফারেন্সের (সিপিপিসিসি) চেয়ারম্যান ওয়াং হুনিং ও পররাষ্ট্র উপদেষ্টা ড. খলিলুর রহমান এক বৈঠকে এই অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। বুধবার (৬ মে) পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে দুই পক্ষ বাণিজ্য, বিনিয়োগ, যোগাযোগ ও উন্নয়ন সহযোগিতা সম্প্রসারণে পারস্পরিক আগ্রহের কথা জানান। এসময় বাংলাদেশ-চীন সমন্বিত কৌশলগত অংশীদারত্বকে পুনর্ব্যক্ত করে উভয়পক্ষ দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারের বিষয়ে একমত হয়। বিশেষ করে বাণিজ্য, বিনিয়োগ, অবকাঠামো উন্নয়ন ও যোগাযোগ খাতে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র

বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং চীনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. নাজমুল ইসলাম উপস্থিত ছিলেন। দুই দেশের চলমান কূটনৈতিক সম্পর্ক আরও গতিশীল করার ক্ষেত্রে এই বৈঠককে গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ রিহাব)

## বিদ্যুতের দাম বাড়াতে চায় সরকার, কত টাকা বাড়বে?

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ ও বৈশ্বিক জ্বালানি বাজারের অস্থিরতার প্রভাব এবার দেশের বিদ্যুৎ খাতে পড়তে শুরু করেছে। জ্বালানি তেলের দাম বাড়ানোর পর এবার বিদ্যুতের মূল্য সমন্বয়ের উদ্যোগ নিয়েছে সরকার। বিদ্যুৎ বিভাগের নীতিগত অনুমোদনের পর পাইকারি পর্যায়ে বিদ্যুতের দাম ১৭ থেকে সর্বোচ্চ ২১ শতাংশ পর্যন্ত বাড়ানোর প্রস্তাব দিয়েছে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি)। পাইকারির সঙ্গে সমন্বয় করে আনুপাতিক হারে খুচরা পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোরও প্রস্তাব করেছে তারা। দাম বাড়ানোর এ প্রস্তাব আমলে নিয়ে কারিগরি কমিটি গঠন করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। বিদ্যুৎ খাতে মূল্য সমন্বয়ের চাপ আরও বাড়তে পারে। বিইআরসি সূত্র জানায়, গত মঙ্গলবার অনুষ্ঠিত কমিশনের সভায় বিদ্যুতের দাম বৃদ্ধির প্রস্তাব আমলে নেওয়া হয়েছে। প্রতি ইউনিট বিদ্যুতের দাম ১ টাকা ২০ পয়সা থেকে সর্বোচ্চ ১ টাকা ৫০ পয়সা পর্যন্ত বাড়ানোর প্রস্তাব দিয়েছে পিডিবি। রামপালে বিদ্যুৎ উৎপাদনে রেকর্ডরামপাল বিদ্যুৎকেন্দ্রের ৯ ভারতীয় কর্মকর্তার গোপনে দেশত্যাগবিদ্যুৎ খাতে ৫০ বিলিয়ন ডলার অর্থায়ন করবে এডিবি, সুবিধা পাবে বাংলাদেশ বছরে প্রায় ৯ হাজার কোটি ইউনিট বিদ্যুৎ সরবরাহ করে পিডিবি।
প্রস্তাব অনুযায়ী প্রতি ইউনিটে দেড় টাকা বাড়লে বছরে প্রায় সাড়ে ১৩ হাজার কোটি টাকা অতিরিক্ত আয় হবে। আর ১ টাকা ২০ পয়সা বাড়লে অতিরিক্ত আয় ১০ হাজার কোটি টাকার বেশি হবে। পাইকারি পর্যায়ের এ মূল্যবৃদ্ধি খুচরা পর্যায়েও প্রভাব ফেলতে পারে। এদিকে, মঙ্গলবার (৫ মে) নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) খুচরা পর্যায়ে আনুপাতিক হারে দাম বৃদ্ধির প্রস্তাব বিইআরসির কাছে জমা দিয়েছে। একই সঙ্গে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিসিবি) সঞ্চালন চার্জ প্রতি ইউনিটে ১৬ পয়সা বাড়ানোর প্রস্তাব করেছে। বিদ্যুৎকেন্দ্র থেকে বিতরণ সংস্থাগুলোর কাছে বিদ্যুৎ সরবরাহের জন্য এই চার্জ আদায় করে প্রতিষ্ঠানটি। রামপাল তাপবিদ্যুৎকেন্দ্র পিডিবির তথ্য অনুযায়ী, দেশের মোট বিদ্যুৎ গ্রাহকের প্রায় ৬৩ শতাংশই স্বল্প ব্যবহারকারী, যারা মাসে ৭৫ ইউনিটের কম বিদ্যুৎ ব্যবহার করেন। এ কারণে কম ব্যবহারকারীদের ওপর চাপ না বাড়িয়ে বেশি বিদ্যুৎ ব্যবহারকারীদের ক্ষেত্রে বাড়তি মূল্য নির্ধারণের পরিকল্পনা করা হচ্ছে। এতে মূলত ৩৭ শতাংশ গ্রাহকের বিদ্যুৎ বিল বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে। সংশ্লিষ্টরা বলছেন, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে বৈশ্বিক জ্বালানি বাজারে ব্যাপক অস্থিরতা দেখা দিয়েছে। জ্বালানির দাম অনেক ক্ষেত্রে দ্বিগুণেরও বেশি বৃদ্ধি পাওয়ায় দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতে ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়েছে। এরই ধারাবাহিকতায় গত ১৮ এপ্রিল নির্বাহী আদেশে জ্বালানি তেলের দামও বাড়ানো হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## চ্যালেঞ্জ মোকাবিলায় বিমানবাহিনীর সদস্যদের প্রস্তুত থাকার জন্য আহ্বান

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত থাকার জন্য বিমানবাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন বাহিনীটির প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন। বুধবার (৬ মে) ঢাকা সেনানিবাসস্থ বিমানবাহিনী সদর দপ্তরে বিমানবাহিনীর এয়ার অফিসার্স সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বিমানবাহিনী প্রধান সম্মেলনে উপস্থিত বিমানবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশ্যে বিভিন্ন দিকনির্দেশনামমূলক বক্তব্য দেন। দেশের আকাশসীমা রক্ষার পাশাপাশি তিনি দেশমাতৃকার সেবায় বাংলাদেশ বিমানবাহিনীর অবদানের কথা উল্লেখ করেন। এসময় বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা অর্জন করে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত থাকার জন্য বিমানবাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানান এবং বাহিনীর প্রত্যেক সদস্য আগামী দিনে দেশ সেবার অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে বলে আশা করেন। জানা গেছে, বিমান সদরের প্রিন্সিপাল স্টাফ অফিসার, সংশ্লিষ্ট এয়ার অফিসার ও বিমান সদরের পরিচালক সরাসরি এবং ঢাকার বাইরে অবস্থিত বিমানবাহিনী ঘাঁটির এয়ার অধিনায়কসহ সংশ্লিষ্ট এয়ার অফিসাররা ভিডিও টেলিকনফারেন্সের মাধ্যমে সম্মেলনে অংশগ্রহণ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## এপ্রিলে মূল্যস্ফীতি বেড়ে ৯.০৪ শতাংশ

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের ইরান আক্রমণের ফলে সৃষ্ট যুদ্ধ পরিস্থিতিতে এপ্রিল মাসে দেশে সাধারণ মূল্যস্ফীতির হার বেড়ে ৯ দশমিক শূন্য ৪ শতাংশে দাঁড়িয়েছে। মার্চ মাসে এই হার ছিল ৮ দশমিক ৭১ শতাংশ। এতে মাসের ব্যবধানে ভোগ্যপণ্যে ব্যয়ের চাপ বাড়লো। বুধবার (৬ মে) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) মূল্যস্ফীতির হালনাগাদ তথ্য প্রকাশ করে। এতে বলা হয়েছে, খাদ্যখাত—বিশেষ করে চাল, ডাল, মাছ, মুরগি, ডিম, দুধ, সবজি, মাংসসহ নিত্যপণ্যের দাম বাড়তি। এপ্রিল মাসে খাদ্যখাতে মূল্যস্ফীতি বেড়ে ৮ দশমিক ৩৯ শতাংশে দাঁড়িয়েছে, যা মার্চে ছিল ৮ দশমিক ২৪ শতাংশ। অন্যদিকে খাদ্যবহির্ভূত খাতে মূল্যস্ফীতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ৯ দশমিক ৫৭ শতাংশ হয়েছে, যেখানে মার্চ মাসে এই হার ছিল ৯ দশমিক শূন্য ৯ শতাংশ। খাদ্যবহির্ভূত খাতে দাম বাড়ায় সন্তানের

পড়ালেখা, বাড়িভাড়া, পরিবহন, পোশাক ও তামাকের খরচ মেটাতে চাপ বাড়বে। কারণ এসব খাতে হাতখরচ বাড়ছে দেশবাসীর। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## এপ্রিলে সড়কে ঝরেছে ৪০৪ প্রাণ, ৪৮ জনই শিশু

এপ্রিল মাসে সড়ক দুর্ঘটনায় ৪০৪ জন নিহত হয়েছেন। এ মাসে ৪৬৩ দুর্ঘটনায় আহত হয়েছেন ৭০৯ জন। নিহতদের মধ্যে ৫৩ জন নারী ও ৪৮ শিশু রয়েছে। এসব দুর্ঘটনার ১৯৪টি ঘটেছে যানবাহন নিয়ন্ত্রণ হারানোর কারণে, যা মোট দুর্ঘটনার প্রায় ৪২ শতাংশ। এছাড়া ১০৬টি ঘটনায় পথচারীকে চাপা বা ধাক্কা দেওয়া হয়েছে, ৯৭টি দুর্ঘটনায় যানবাহনের মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। এপ্রিলে ৪৬৩টি দুর্ঘটনার মধ্যে সর্বোচ্চ ১৯৩টি ঘটেছে দেশের আঞ্চলিক সড়কে, যা মোট দুর্ঘটনার প্রায় ৪২ শতাংশ। জাতীয় মহাসড়কে দুর্ঘটনা ঘটেছে ১৬৮টি (৩৬ দশমিক ২৮ শতাংশ)। বাকিগুলো ঘটেছে শহর ও গ্রামের সড়কে। এছাড়া গত মাসে ৭টি নৌ-দুর্ঘটনায় ৪ জন নিহত ও ১১ আহত হয়েছেন। একই সময়ে ৩৪টি রেলপথ দুর্ঘটনায় ২৬ জন নিহত এবং ১৭ জন আহত হয়েছেন। রোড সেফটি ফাউন্ডেশনের এপ্রিল মাসের সড়ক দুর্ঘটনার প্রতিবেদনে এ চিত্র উঠে এসেছে। ৯টি জাতীয় দৈনিক, ১৭টি জাতীয় ও আঞ্চলিক অনলাইন নিউজ পোর্টাল, ইলেকট্রনিক গণমাধ্যম এবং নিজস্ব তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করে বুধবার (৬ মে) গণমাধ্যমে পাঠিয়েছে রোড সেফটি ফাউন্ডেশন। প্রতিবেদন অনুযায়ী, এপ্রিল মাসে সড়কে ১৪২টি মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়েছেন ১১৩ জন। মোটরসাইকেল দুর্ঘটনার হার ৩০ দশমিক ৬৬ শতাংশ। দুর্ঘটনায় ১০২ জন পথচারী নিহত হয়েছেন। যানবাহনের চালক ও সহকারী নিহত হয়েছেন ৪৬ জন।

এপ্রিলে দুর্ঘটনায় সম্পৃক্ত যানবাহন ৬৫৯টি। এর মধ্যে ট্রাক, কাভার্ড ভ্যান, পিকআপ, ট্রাক্টর, ট্রলি, লরি, ট্যাঙ্কলরি ও সিটি করপোরেশনের ময়লাবাহী ট্রাক ২৫ দশমিক ৯৪ শতাংশ, মোটরসাইকেল ২৩ দশমিক ২১ শতাংশ এবং থ্রি–হুইলার (ইজিবাইক-সিএনজি-অটোরিকশা-অটোভ্যান-লেগুনা) ১৭ শতাংশ। সবচেয়ে বেশি দুর্ঘটনা ঘটেছে সকালে, যা মোট দুর্ঘটনার ২৮ দশমিক ৫০ শতাংশ। গত এপ্রিলে ঢাকা বিভাগে সবচেয়ে বেশি ১০৯টি দুর্ঘটনায় ১০২ জন নিহত হয়েছেন। সিলেট বিভাগে সবচেয়ে কম ১২টি দুর্ঘটনায় নিহত হয়েছেন ১২ জন। রাজধানী ঢাকায় ৩৬টি দুর্ঘটনায় ২৪ জন নিহত এবং ৬৭ জন আহত হয়েছেন। দুর্ঘটনার পেছনে ১১টি প্রধান কারণ চিহ্নিত করেছে রোড সেফটি ফাউন্ডেশন। এগুলো হলো- ত্রুটিপূর্ণ যানবাহন, ত্রুটিপূর্ণ সড়ক অবকাঠামো, বেপরোয়া গতি, চালকদের বেপরোয়া মানসিকতা, অদক্ষতা এবং শারীরিক ও মানসিক অসুস্থতা; বেতন-কর্মঘণ্টা নির্দিষ্ট না থাকা; মহাসড়কে স্বল্প গতির যানবাহন চলাচল; তরুণ-যুবদের বেপরোয়া মোটরসাইকেল চালানো; জনসাধারণের মধ্যে ট্রাফিক আইন না জানা ও না মানার প্রবণতা; দুর্বল ট্রাফিক ব্যবস্থাপনা; বিআরটিএর সক্ষমতার ঘাটতি এবং গণপরিবহন খাতে চাঁদাবাজি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে ‘ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ে’ ভারতের সম্পৃক্ততা ছিল না

অতীতে বাংলাদেশের বিভিন্ন সরকারের সঙ্গে কাজ করলেও ‘ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ে’ ভারতের কোনো সম্পৃক্ততা ছিল না বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি। বাংলাদেশের নির্বাচনি প্রক্রিয়ায় ভারতের ভূমিকা ছিল— এমন অভিযোগ নাকচ করে তিনি বলেন, বাংলাদেশের জনগণই তাদের নেতৃত্ব নির্বাচন করবে— এটাই ভারতের প্রত্যাশা। সোমবার (৬ মে) নয়াদিল্লিতে সফররত বাংলাদেশি সাংবাদিকদের এক প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। আলোচনায় তিস্তা পানিবণ্টন, গঙ্গা চুক্তির নবায়ন, ভিসা ব্যবস্থা, জ্বালানি সহযোগিতা, আঞ্চলিক রাজনীতি এবং সাম্প্রতিক বিতর্কিত মন্তব্যসহ নানান বিষয় উঠে আসে। বিক্রম মিশ্রি বলেন, বাংলাদেশ-ভারত সম্পর্কের ভিত্তি হবে পারস্পরিক সম্মান ও স্বার্থের ভারসাম্য। দুই দেশের জনগণের কল্যাণেই এই সম্পর্ককে এগিয়ে নেওয়া প্রয়োজন। অন্তর্বর্তী সরকারের সময় যোগাযোগ কিছুটা শ্লথ ছিল উল্লেখ করে তিনি জানান, ভারত সেই সময়েও যোগাযোগ বজায় রাখার চেষ্টা করেছে। ২০২৪ সালে তার ঢাকা সফর এবং ২০২৫ সালে ব্যাংককে মুহাম্মদ ইউনূস ও নরেন্দ্র মোদীর বৈঠকের কথাও উল্লেখ করেন তিনি।

ভারতের পররাষ্ট্র সচিব বলেন, বর্তমানে বাংলাদেশের নতুন রাজনৈতিক নেতৃত্বের সঙ্গে যোগাযোগ শুরু হয়েছে। দুদেশের মধ্যে বিভিন্ন দ্বিপাক্ষিক প্ল্যাটফর্ম পুনরায় সক্রিয় করার উদ্যোগ নেওয়া হচ্ছে। বাণিজ্য বৃদ্ধি, ভিসা সহজীকরণ এবং সম্ভাব্য সেপা চুক্তি নিয়েও আগ্রহ রয়েছে উভয় পক্ষের। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## অগ্রাধিকার ঠিক করলে ঢাকার সঙ্গে আলোচনায় বসতে প্রস্তুত দিল্লি

ভারতের সঙ্গে সম্পর্ক নতুন করে গতিশীল করতে আগ্রহী দিল্লি— তবে সেক্ষেত্রে ঢাকাকে আগে নিজেদের অগ্রাধিকার স্পষ্ট করতে হবে বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি। তিনি বলেন, অতীতের টানাপোড়েন পেছনে ফেলে দুই দেশই এখন বাস্তবসম্মত ও পারস্পরিক স্বার্থের ভিত্তিতে সম্পর্ক এগিয়ে নিতে পারে। বাংলাদেশ যদি তার অগ্রাধিকার নির্ধারণ করে, আমরা আলোচনায় বসতে প্রস্তুত। সোমবার (৬ মে) নয়াদিল্লিতে সফররত বাংলাদেশি সাংবাদিকদের এক প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। আলোচনায় তিস্তা পানিবণ্টন, গঙ্গা চুক্তির নবায়ন, ভিসা ব্যবস্থা, জ্বালানি সহযোগিতা, আঞ্চলিক রাজনীতি এবং সাম্প্রতিক বিতর্কিত মন্তব্যসহ নানান বিষয় উঠে আসে। বিক্রম মিশ্রি বলেন, বাংলাদেশ-ভারত সম্পর্কের ভিত্তি হবে পারস্পরিক সম্মান ও স্বার্থের ভারসাম্য। দুই

দেশের জনগণের কল্যাণেই এই সম্পর্ক এগিয়ে নেওয়া প্রয়োজন। অন্তর্বর্তী সরকারের সময় যোগাযোগ কিছুটা শ্লথ ছিল উল্লেখ করে তিনি জানান, ভারত সেই সময়েও যোগাযোগ বজায় রাখার চেষ্টা করেছে।

২০২৪ সালে তার ঢাকা সফর এবং ২০২৫ সালে ব্যাংককে মুহাম্মদ ইউনূস ও নরেন্দ্র মোদীর বৈঠকের কথাও উল্লেখ করেন তিনি। ভারতের পররাষ্ট্র সচিব বলেন, বর্তমানে বাংলাদেশের নতুন রাজনৈতিক নেতৃত্বের সঙ্গে যোগাযোগ শুরু হয়েছে। দুই দেশের মধ্যে বিভিন্ন দ্বিপাক্ষিক প্ল্যাটফর্ম পুনরায় সক্রিয় করার উদ্যোগ নেওয়া হচ্ছে। বাণিজ্য বৃদ্ধি, ভিসা সহজীকরণ এবং সম্ভাব্য সেপা চুক্তি নিয়েও আগ্রহ রয়েছে উভয় পক্ষের। বাংলাদেশের নির্বাচনি প্রক্রিয়ায় ভারতের ভূমিকা ছিল— এমন অভিযোগ নাকচ করে তিনি বলেন, অতীতে বিভিন্ন সরকারের সঙ্গে কাজ করলেও 'ইলেকশন ইঞ্জিনিয়ারিং'-এ ভারতের কোনো সম্পৃক্ততা ছিল না। বাংলাদেশের জনগণই তাদের নেতৃত্ব নির্বাচন করবে— এটাই ভারতের প্রত্যাশা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## বাসের পর এবার বাড়লো লঞ্চের ভাড়া

জ্বালানি তেলের দামবৃদ্ধির পরিপ্রেক্ষিতে বাসের পর বাড়লো লঞ্চভাড়াও। একজন যাত্রীর লঞ্চভাড়া কম দূরত্বে প্রতি কিলোমিটারে ১৮ পয়সা ও বেশি দূরত্বে ১৪ পয়সা বেড়েছে। কম দূরত্বে লঞ্চের ভাড়া ৬ দশমিক ৪৯ শতাংশ ও বেশি দূরত্বের ক্ষেত্রে ৫ দশমিক ৮৮ শতাংশ বাড়ানো হয়েছে। মঙ্গলবার (৫ মে) লঞ্চের ভাড়া বাড়িয়ে প্রজ্ঞাপন জারি করেছে নৌপরিবহন মন্ত্রণালয়। লঞ্চভাড়া ১০০ কিলোমিটার পর্যন্ত ২ টাকা ৭৭ পয়সা থেকে ১৮ পয়সা বেড়ে ২ টাকা ৯৫ পয়সা এবং ১০০ কিলোমিটারের বেশি দূরত্বের ক্ষেত্রে ভাড়া ২ টাকা ৩৮ পয়সা থেকে ১৪ পয়সা বাড়িয়ে ২ টাকা ৫২ পয়সা নির্ধারণ করা হয়েছে। জনপ্রতি সর্বনিম্ন ভাড়া ২৯ টাকা থেকে ৩ টাকা বাড়িয়ে ৩২ টাকা করা হয়েছে। নতুন ভাড়া মঙ্গলবার (৫ মে) থেকেই কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৯৬.৯৫.২০২৬ রুবাইয়া)

## শেখ হাসিনাকে মানবতাবিরোধী অপরাধ সংঘটনে প্ররোচনা দেন ইনু

জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধ সংঘটনে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উসকানি ও প্ররোচনা দেওয়ার অভিযোগ এনেছে রাষ্ট্রপক্ষ। তাদের দাবি, মানবতাবিরোধী অপরাধ সংঘটনে শেখ হাসিনাকে প্ররোচনা দেন জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি ও সাবেক মন্ত্রী হাসানুল হক ইনু। প্রসিকিউশনের দাবি, ইনুর প্ররোচনায় উদ্বুদ্ধ হয়ে প্রধানমন্ত্রী হিসেবে হাসিনা বিভিন্ন ধ্বংসাত্মক সিদ্ধান্ত নিয়েছেন ও বাস্তবায়ন করেছেন। আওয়ামী লীগের নেতৃত্বাধীন জোটের অন্যতম শীর্ষ নেতা হিসেবে এসব অপরাধের উর্ধ্বতন কর্তৃপক্ষের দায় (সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটি) তার ওপরেও বর্তায়। জুলাই গণঅভ্যুত্থানের সময়কার মানবতাবিরোধী অপরাধের মামলায় ইনুর বিরুদ্ধে রাষ্ট্রের তথা প্রসিকিউশনের পক্ষে এমন যুক্তি তুলে ধরেছেন প্রসিকিউটর মিজানুল ইসলাম। এর পর মামলার কার্যক্রম বৃহস্পতিবার (৭ মে) পর্যন্ত মুলতবি করেন। বুধবার (৬ মে) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ শুনানিতে এমন দাবি করে রাষ্ট্রপক্ষ। আদালতে আসামিপক্ষে শুনানি করেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মনসুরুল হক চৌধুরী ও ব্যারিস্টার সিফাত মাহমুদ; সঙ্গে ছিলেন ব্যারিস্টার মাহবুব শফিক ও অ্যাডভোকেট হাসান।

রাষ্ট্রপক্ষে যুক্তি উপস্থাপন করেন প্রসিকিউটর মুহাম্মদ মিজানুল ইসলাম। এ সময় প্রসিকিউটর সুলতান মাহমুদ, আব্দুস সোবান তরফদার, ফারুক আহাম্মদ ও আব্দুস সাত্তার পালোয়ান উপস্থিত ছিলেন। মিজানুল ইসলামের বক্তব্যে শেখ হাসিনার সঙ্গে হাসানুল হক ইনুর টেলিফোন কথোপকথনের রেকর্ডের প্রসঙ্গ তোলা হয়, যেখানে গণআন্দোলনকে জঙ্গিবাদ আখ্যা দিয়ে দমনের কথা বলা হয়েছে। এর আগে এ মামলায় আসামিপক্ষের যুক্তিতর্ক শেষ হয়। আসামিপক্ষের দাবি, হাসিনার সঙ্গে ইনুর টেলিফোনে কথোপকথনের রেকর্ডের কোথাও আন্দোলন দমনে গুলি করতে হবে, বোম্বিং করতে হবে বা নির্যতন করতে হবে, এমন কোনো বক্তব্য নেই। প্রসিকিউশনের দাখিল করা নথিতেও ইনুর এমন বক্তব্য বা তথ্য নেই যে, তিনি আন্দোলন দমনে কাউকে গুলি করতে বা নির্যাতন করতে উসকানি দিয়েছেন বা ষড়যন্ত্র করেছেন। গত বছরের ১ ডিসেম্বর এ মামলায় প্রসিকিউশনের সাক্ষ্যগ্রহণ শুরু হয়। এর আগে ওই বছরের ২৫ সেপ্টেম্বর, সুনির্দিষ্ট আটটি অভিযোগ ট্রাইব্যুনালে দাখিল করে প্রসিকিউশন। সেদিনই শুনানি শেষে ইনুর বিরুদ্ধে অভিযোগ আমলে নেয় ট্রাইব্যুনাল। ২০২৪ সালের ২৬ আগস্ট ইনু গ্রেফতার হন। ২০২৪ সালের গণঅভ্যুত্থানের সময় কুষ্টিয়ায় ছয়জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের এই মামলায় পরে তাকে গ্রেফতার দেখানো হয়। আওয়ামী লীগ সরকারের আমলে তথ্যমন্ত্রীর দায়িত্ব পালন করেছিলেন ইনু। তবে দ্বাদশ সংসদ নির্বাচনে জোটের প্রার্থী হিসেবে কুষ্টিয়ায় নিজ আসনে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থীর কাছে হেরে যান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## বন্ধ চিনিকলে খোশগল্পে কাটে সময়, নষ্ট হচ্ছে শত কোটির যন্ত্রপাতি

কুষ্টিয়া সুগার মিলের যাত্রা শুরু হয়েছিল ১৯৬৫-৬৬ অর্থবছরে। শুরুর পর কয়েক বছর লাভের মুখ দেখলেও নব্বই দশকের পর থেকে ধারাবাহিক লোকসানের কবলে পড়ে মিলটি। দীর্ঘ সময় পাহাড়সম লোকসানের বোঝা নিয়ে সচল রাখার চেষ্টা করা হলেও শেষ রক্ষা হয়নি। সর্বশেষ ২০২০-২১ অর্থবছরে ৫৭ কোটি ৫৬ লাখ টাকা লোকসান গুনে আনুষ্ঠানিকভাবে মাড়াই কার্যক্রম বন্ধ করে দেয় প্রতিষ্ঠানটি। এদিকে দীর্ঘ চার বছর ধরে মাড়াই কার্যক্রম বন্ধ থাকায়

মিলের প্রায় ১০০ কোটি টাকার যন্ত্রাংশ এখন অযত্ন আর অবহেলায় মরিচা ধরে নষ্ট হচ্ছে। এছাড়া চিনি উৎপাদন শূন্যের কোঠায় নামলেও বর্তমানে কর্মরত ৭৫ কর্মকর্তা-কর্মচারীর পেছনে প্রতি মাসে ব্যয় হচ্ছে প্রায় ২৫ লাখ টাকা। জানা যায়, শুরুতে লাভজনক হলেও নব্বই দশকের পর থেকেই মূলত রাজনৈতিক হস্তক্ষেপ, প্রয়োজনের অতিরিক্ত লোকবল নিয়োগ এবং সীমাহীন দুর্নীতির কবলে পড়ে প্রতিষ্ঠানটি। বন্ধের সময় এর মোট পুঞ্জীভূত লোকসানের পরিমাণ দাঁড়ায় ৬০৬ কোটি ৫ লাখ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## আটক ৫ জনকে পুলিশের কাছ থেকে নিয়ে গেলেন সহযোগীরা

নারায়ণগঞ্জের ফতুল্লার একটি এলাকায় লুটপাটের অভিযোগে আটক পাঁচজনকে পুলিশের কাছ থেকে নিয়ে গেছেন তার সহযোগীরা। বুধবার (৬ মে) বিকেলে পশ্চিম দেওভোগের হাশেম বাগ এলাকায় এ ঘটনা ঘটে। ফতুল্লা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাহবুব আলম বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, অবসরপ্রাপ্ত এক পুলিশ কনস্টেবলের বাড়িতে লুটপাটের অভিযোগ পেয়ে ফতুল্লা মডেল থানা পুলিশ ঘটনাস্থলে যায়। সেখানে গিয়ে লুটপাটে বাধা দিয়ে পাঁচজনকে আটক করে যাচাই-বাছাই করছিল। এসময় পুলিশ বাড়ির ভেতরে থাকলে আটকরা পালিয়ে যান। নারায়ণগঞ্জ জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক সার্কেল) মো. হাসিনুজ্জামান বলেন, পুলিশ লুটপাটে বাধা দিয়ে পাঁচজনকে আটক করে। পরে তাদের বন্ধু-বান্ধব, সহযোগীরা একত্রিত হয়ে আটক ব্যক্তিদের নিয়ে যান। তবে এ ঘটনায় পুলিশের কোনো সদস্য আহত হননি। এর আগে মঙ্গলবার (৫ মে) দুপুরে নগরীর মাসদাইর বোয়ালিয়া খাল এলাকায় মাদক কারবারিদের হামলার শিকার হন র্যাব-১১ এর তিনজন সদস্য। তার কয়েক ঘণ্টা আগে রূপগঞ্জ উপজেলার চনপাড়া পুনর্বাসন কেন্দ্রে হামলা চালিয়ে অস্ত্র আইনের মামলায় গ্রেফতার যুবদল নেতা শামীম মিয়াকে ছাড়িয়ে নিয়ে যান তার সহযোগীরা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ভুল প্রশ্নপত্র বিতরণ করায় যশোর বোর্ডে কেন্দ্র সচিবসহ তিনজনকে অব্যাহতি

ঝিনাইদহের কালীগঞ্জে এসএসসি পরীক্ষায় ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় কেন্দ্র সচিবসহ তিনজনকে অব্যাহতি দিয়েছে যশোর শিক্ষাবোর্ড। একই সঙ্গে ভুক্তভোগী পরীক্ষার্থীর ফলাফলে কোনো প্রভাব পড়বে না বলে আশ্বস্ত করা হয়েছে। বুধবার (৬ মে) তাদের অব্যাহতি দেওয়া হয়। এর আগে গত ৩০ এপ্রিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের পরীক্ষায় কালীগঞ্জ উপজেলার সলিমুন্নেছা মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনা ঘটে। বোর্ড সূত্র জানায়, কেন্দ্রের ২০৪ নম্বর কক্ষে নলডাঙ্গা ইব্রাহিম মাধ্যমিক বিদ্যালয়ের ২০২৫ সালের এক অনিয়মিত পরীক্ষার্থী সাদিয়া খাতুন অংশ নেয়। বিধি অনুযায়ী তার জন্য পৃথক প্রশ্নপত্র নির্ধারিত থাকলেও দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকরা ভুলবশত তাকে নিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র সরবরাহ করেন। পরীক্ষা শেষে বাসায় গিয়ে বিষয়টি বুঝতে পেরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করে ওই পরীক্ষার্থী। পরে বিষয়টি নিশ্চিত হলে দায়িত্বে অবহেলার অভিযোগে কক্ষ পরিদর্শক সুন্দুরপুর চাঁদবা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুস সালাম এবং কেপিকেবি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নাসির উদ্দীনকে অব্যাহতি দেওয়া হয়। ঘটনায় কেন্দ্র সচিব ও সলিমুন্নেছা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদৌরা আক্তারকেও দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

তার স্থলে সহকারী প্রধান শিক্ষক গৌতম তরফদারকে নতুন কেন্দ্র সচিব হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। অব্যাহতির বিষয়ে বিদৌরা আক্তার বলেন, অনিয়মিত পরীক্ষার্থীর জন্য নির্ধারিত প্রশ্নপত্র তিনি সংশ্লিষ্ট শিক্ষকদের চিহ্নিত করে বুঝিয়ে দিয়েছিলেন। এ-সংক্রান্ত ভিডিও প্রমাণও রয়েছে। তা সত্ত্বেও কেন অব্যাহতি দেওয়া হয়েছে, তা তার বোধগম্য নয়। কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা রেজওয়ানা নাহিদ বলেন, বিষয়টি তার জানা রয়েছে। এ বিষয়ে যশোর শিক্ষাবোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল আলিম জানান, কেন্দ্র সচিব পরিবর্তনের বিষয়টি তিনি শুনেছেন। তবে এ-সংক্রান্ত কোনো লিখিত নির্দেশনা এখনো পাননি। যশোর শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. আব্দুল মতিন বলেন, 'ভুল প্রশ্নপত্র বিতরণের দায়ে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হয়েছে। তবে ওই পরীক্ষার্থীর কোনো ক্ষতি হবে না। যে প্রশ্নপত্রে পরীক্ষা দিয়েছে, সে অনুযায়ীই তার উত্তরপত্র মূল্যায়ন করা হবে।' (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## রাজধানীতে দুই গ্রুপের সংঘর্ষে শ্রমিকদল নেতা গুলিবিদ্ধ

রাজধানীর কদমতলীর রসুলপুর এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের মধ্যে গোলাগুলির ঘটনায় রনি (২৮) নামে এক যুবক গুলিবিদ্ধ হয়েছেন। রনি কদমতলী থানার ৫৯ নম্বর ওয়ার্ডের শ্রমিক দলের (ইউনিট) সাধারণ সম্পাদক। বুধবার (৬ মে) বিকেল সাড়ে ৫টার দিকে এই ঘটনা ঘটে। পরে গুলিবিদ্ধ অবস্থায় তাকে সন্ধ্যা ৭টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসা হয়। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন রয়েছেন। তাকে হাসপাতালে নিয়ে আসা চাচাতো ভাই মো. হাসান বলেন, আমার ভাই ব্যবসা করেন। বিকেলে আধিপত্য বিস্তার কেন্দ্র করে দুই গ্রুপে মধ্যে গোলাগুলির ঘটনায় আমার ভাই গুলিবিদ্ধ হয়। পরে আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেলে নিয়ে আসলে জরুরি বিভাগের চিকিৎসাধীন রয়েছে। তিনি আরও জানান, আমার ভাই কদমতলী থানার ৫৯ নম্বর ওয়ার্ডের (ইউনিট) শ্রমিক দলের সাধারণ সম্পাদক। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক ফারুক জানান, কদমতলী এলাকা থেকে রনি নামে এক যুবক গুলিবিদ্ধ হয়ে ঢাকা মেডিকেলে এসেছেন। তার

বাম পায়ের হাঁটুর ওপরে গুলি লেগেছে। জরুরি বিভাগে তার চিকিৎসা চলছে। বিষয়টি আমরা সংশ্লিষ্ট থানাকে অবগত করেছি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

### দেশের বাণিজ্য ঘাটতি ১৯ বিলিয়ন ডলার ছাড়িয়েছে

বিশ্ববাজারে জ্বালানি অস্থিরতা ও আমদানি ব্যয় বৃদ্ধির প্রভাবে দেশের বাণিজ্য ঘাটতি ধারাবাহিকভাবে বাড়ছে। সর্বশেষ মার্চ মাসে বাণিজ্য ঘাটতি আরও ২ দশমিক ২৫ বিলিয়ন ডলার বেড়ে মোট ঘাটতি ১৯.১৭ বিলিয়ন ডলারে পৌঁছেছে। কেন্দ্রীয় ব্যাংক প্রকাশিত ব্যালেন্স অব পেমেন্ট (বিওপি) সংক্রান্ত সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) দেশের বাণিজ্য ঘাটতি ছিল ১৬.৯১ বিলিয়ন ডলার। তবে মার্চ মাস শেষে (জুলাই-মার্চ) তা বেড়ে দাঁড়িয়েছে ১৯.১৭ বিলিয়ন ডলারে। অর্থাৎ এক মাসেই ঘাটতি বেড়েছে ২.২৫ বিলিয়ন ডলার। একই সময়ে দেশের রপ্তানি আয় হয়েছে ৩২.৩৮ বিলিয়ন ডলার। বিপরীতে আমদানি ব্যয় দাঁড়িয়েছে ৫১.৫৫ বিলিয়ন ডলার। ফলে আমদানি ব্যয় রপ্তানি আয়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি থাকায় ঘাটতি আরও প্রসারিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

### দরপত্র ছাড়াই র‍্যাবের জন্য ১৬৩ গাড়ি কেনার পরিকল্পনা

ব্যয় সংকোচনের লক্ষ্যে সব ধরনের যানবাহন ক্রয় বন্ধ রেখেছে সরকার। এ পরিস্থিতিতে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) অভিযানিক সক্ষমতা বাড়ানো লক্ষ্যে ১৬৩টি গাড়ি কেনার পরিকল্পনা করছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এর মধ্যে তিনটি জিপ, ১০০টি প্যাট্রোল পিকআপ এবং ৬০টি এসি মাইক্রোবাস রয়েছে। দরপত্র ছাড়াই সরাসরি ক্রয় পদ্ধতিতে ১২২ কোটি টাকা ব্যয়ে এসব গাড়ি কেনা হবে। নিয়ম অনুযায়ী এসব গাড়ি কিনতে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন লাগবে। আগামীকাল (বৃহস্পতিবার) অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এসব গাড়ি কেনার অনুমোদন চাওয়া হতে পারে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, র‍্যাবের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে তিনটি জিপ, ১০০টি প্যাট্রোল পিকআপ এবং ৬০টি এসি মাইক্রোবাস সরাসরি ক্রয় পদ্ধতিতে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড থেকে কেনার পরিকল্পনা করা হয়েছে। এই ক্রয় পরিকল্পনার সারসংক্ষেপ সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে উপস্থাপন করা হবে এবং অনুমোদন পেলে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হবে। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বশীল এক কর্মকর্তা বলেন, অর্থ মন্ত্রণালয়ের গত ৫ এপ্রিলের পরিপত্র অনুযায়ী সব ধরনের যানবাহন ক্রয় বন্ধ রয়েছে। তবে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং র‍্যাবের সক্ষমতা বৃদ্ধির প্রয়োজন বিবেচনায় বিশেষভাবে এই গাড়িগুলো কেনা প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

### ঢাকার ছয় থানায় পুলিশের অভিযানে গ্রেফতার ৭৩

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের ছয় থানা এলাকায় অভিযান চালিয়ে ৭৩ জনকে গ্রেফতার করেছে সংশ্লিষ্ট থানা পুলিশ। গ্রেফতারদের বিরুদ্ধে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগ রয়েছে। বুধবার (৬ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য জানান। ডিএমপির তেজগাঁও বিভাগের বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গতকাল মঙ্গলবার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। এসময় ৭৩ অপরাধীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারদের মধ্যে তেজগাঁও থানায় ৯ জন, শেরেবাংলা নগর থানায় ১২ জন, হাতিরঝিল থানায় ১৪ জন, আদাবর থানায় ৫ জন, মোহাম্মদপুর থানায় ২১ জন ও তেজগাঁও শিল্পাঞ্চল থানায় ১২ জন রয়েছেন। তাদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান এন এম নাসিরুদ্দিন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### সরকার এমন একটি প্রশাসন চায়, যেখানে মানুষ হয়রানি মুক্ত সেবা পাবে: প্রধানমন্ত্রী

সরকার এমন একটি প্রশাসন চায়, যেখানে মানুষ হয়রানি মুক্ত সেবা পাবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার  রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মিলন ২০২৬-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার জনগণের যৌক্তিক প্রত্যাশা পূরণে বদ্ধপরিকর।জেলা প্রশাসকদের দেশ ও জনগণের কল্যাণে নির্ভয়ে কাজ করার আহ্বানও জানান তিনি।প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রের সবচেয়ে বড় সম্পদ হলো জনগণের বিশ্বাস, সরকার ও প্রশাসনের স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে জনমনে এই বিশ্বাস গড়ে তোলার জন্য তিনি বিভাগীয় কমিশনার ও জলাপ্রশাসকদের আহ্বান জানান। তিনি বলেন, প্রশাসন শুধু আইন প্রণয়নের যন্ত্র নয় এটি সেবার একটি মাধ্যম। সম্মেলন তিনি আরও বলেন, তরুণদের দক্ষ করে তুলতে পারলে, তারাই হবে দেশের জনসম্পদ।এর আগে, সন্ধ্যা সাড়ে ৭টার দিকে সচিবালয়ের অফিস থেকে আগারগাঁও শেরেবাংলা নগরে 'বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে' এই অনুষ্ঠানে নিজেই গাড়ি চালিয়ে উপস্থিত হন প্রধানমন্ত্রী। 'জনসেবায় জনপ্রশাসন' স্লোগানকে ধারণ করে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর সহধর্মিণী ডা. জুবাইদা রহমানও। (রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

## ঢাকা দক্ষিণ সিটির মেয়র পদে প্রার্থী হওয়ার ঘোষণা নীলা ইসরাফিলের

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র পদে নির্বাচনে প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সাবেক নেত্রী নীলা ইসরাফিল। মঙ্গলবার (৬ মে) রাতে তিনি তার ফেসবুক অ্যাকাউন্টে ছবি সম্বলিত একটি পোস্টার শেয়ার করে এ ঘোষণা দেন। তিনি ফেসবুক পোস্টে লেখেন, 'সবার ভালোবাসা ও অনুপ্রেরণায় আমি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন মেয়র নির্বাচনে প্রার্থী হওয়ার সিদ্ধান্ত নিয়েছি। আমি বিশ্বাস করি একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও বাসযোগ্য ঢাকা আমাদের অধিকার। আপনাদের দোয়া ও সমর্থন কামনা করছি। ধন্যবাদ সবাইকে।' এরপর তিনি আরও দুটি পোস্ট দেন। একটি পোস্টে প্রশ্ন তুলে তিনি লেখেন, "কাকে ভোট দিতে চান? রাজাকারের বাচ্চাদের নাকি মুক্তিযুদ্ধকে যে ধারণ করে তাকে?" অপর পোস্টে তিনি লেখেন, "আমি স্পষ্টভাবে বলতে চাই ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনকে আমি একটি শৃঙ্খলাবদ্ধ, স্বচ্ছ এবং উন্নত নগর হিসেবে গড়ে তোলার চেষ্টা করব। পাশাপাশি আমার নগরী থাকবে রাজাকারমুক্ত—কথা দিলাম!" জুলাই আন্দোলনে সক্রিয় ছিলেন নীলা ইসরাফিল। এরপর যোগ দেন এনসিপিতে। পরে এনসিপির আরেক নেতা সারোয়ার তুষারের সঙ্গে দ্বন্দ্বের জেরে পদত্যাগ করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## মা হারালেন সমাজকল্যাণ মন্ত্রী ডা. জাহিদ

সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেনের মা বেগম জেবুন্নেছা মারা গেছেন। আজ বুধবার (৬ মে) ভোর ৫টা ৩৮ মিনিটে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি পেশায় ছিলেন একজন শিক্ষক। ১৯৪৪ সালে ময়মনসিংহের গফরগাঁও উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন তিনি। মৃত্যুকালে তিনি দুই পুত্র ও দুই কন্যাসহ অসংখ্য আত্মীয়-স্বজন এবং গুণগ্রাহী ছাত্র-ছাত্রী রেখে গেছেন। মরহুমার নামাজে জানাজা বাদ আছর ময়মনসিংহের ময়মনসিংহ ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হবে। জানাজা শেষে গুলকিবাড়ি কবরস্থানে তার স্বামী মরহুম জাফর আলী সরকারের কবরের পাশে দাফন করা হবে। উল্লেখ্য, মরহুমার সন্তানেরা তাদের মমতাময়ী মায়ের আত্মার মাগফেরাত কামনা করে সকলের কাছে দোয়া চেয়েছেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## ১৬ মে চাঁদপুর, ২৫ মে ফেনী যাবেন প্রধানমন্ত্রী

আগামী ১৬ মে চাঁদপুর এবং ২৫ মে ফেনী সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (৬ মে) প্রধানমন্ত্রীর সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেছেন পানিসম্পদ মন্ত্রী মো. শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি। সফরকালে প্রধানমন্ত্রী বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণের পাশাপাশি সরকারের অন্যতম অগ্রাধিকারভিত্তিক প্রকল্প 'খাল খনন কর্মসূচি'র আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। পানিসম্পদ মন্ত্রী জানান, দেশের জলাশয় ও নদী ব্যবস্থাপনার উন্নয়নে দেশজুড়ে ২০ হাজার কিলোমিটার খাল খননের লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে কাজ চলছে। পাশাপাশি বাংলাদেশের সার্বিক কৃষি ও পানিসম্পদ সুরক্ষায় অত্যন্ত জরুরি 'পদ্মা ব্যারেজ' প্রকল্পের বিষয়ে খুব দ্রুতই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে সরকার। এটি শিগগিরই জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় উপস্থাপনের প্রস্তুতি চলছে।বাংলাদেশ সংবাদ প্রধানমন্ত্রীর সাথে বৈঠকের অন্যান্য বিষয় নিয়ে মন্ত্রী আরও জানান, সেখানে তিস্তা মহাপরিকল্পনা নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। বিশেষ করে আগামী ১৮০ দিনের মধ্যে এই মহাপরিকল্পনার কোন কোন গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করা হবে, তার একটি নির্দিষ্ট রূপরেখা নিয়ে বিস্তারিত কথা হয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## লিমন-বৃষ্টিকে মরণোত্তর ডক্টরেট ডিগ্রি দিচ্ছে মার্কিন বিশ্ববিদ্যালয়

যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডায় (ইউএসএফ) অধ্যয়নরত অবস্থায় নৃশংস হত্যাকাণ্ডের শিকার বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমন ও নাহিদা সুলতানা বৃষ্টিকে বিরল সম্মাননা জানাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী ৯ মে বিশ্ববিদ্যালয়ের বসন্তকালীন সমাবর্তনে এই ডিগ্রি প্রদান করা হবে। মঙ্গলবার (৫ মে) ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডা কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে মিয়ামির বাংলাদেশ কনস্যুলেটকে চিঠি দিয়ে এ তথ্য জানিয়েছে। কনস্যুলেটের একজন প্রতিনিধিকে উপস্থিত থেকে নিহত দুই পরিবারের পক্ষে সম্মাননা গ্রহণ করার জন্য অনুরোধ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। মিয়ামি কনস্যুলেটের একজন প্রতিনিধি সমাবর্তনে উপস্থিত থেকে জামিল ও বৃষ্টির পরিবারের পক্ষে সম্মাননা গ্রহণ করবেন। স্থানীয় সময় বুধবার (৬ মে) দুপুর ২টায় টাম্পায় নাহিদা সুলতানা বৃষ্টির প্রথম জানাজা আয়োজন করা হয়েছে। ৭ মে বৃষ্টির লাশ ঢাকায় পাঠানো হবে। দুবাই হয়ে লাশ ঢাকায় পৌঁছাবে ৯ মে সকাল ৮টা ৪০ মিনিটে। খুলনা বিশ্ববিদ্যালয়ের স্নাতক জামিল আহমেদ লিমন (২৭) যুক্তরাষ্ট্রে ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডায় ভূগোল, পরিবেশবিজ্ঞান ও নীতি বিষয়ে পিএইচডি করছিলেন। গত ১৬ই এপ্রিল তিনি নিখোঁজ হন। লিমনের সঙ্গে নিখোঁজ হন নাহিদা সুলতানা বৃষ্টি (২৭)। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টি যুক্তরাষ্ট্রে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনা করছিলেন। তাদের ফোন বন্ধ পেয়ে এবং কোনোভাবে যোগাযোগ করতে না পেরে পরিবারের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় এলাকার পুলিশের সঙ্গে যোগাযোগ করে পরিবার। এ

হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে জামিলের রুমমেট মার্কিন নাগরিক হিশাম আবুঘরবেহকে তাঁর পারিবারিক বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। আবুঘরবেহকে জিজ্ঞাসাবাদের পর গত ২৪ এপ্রিল ফ্লোরিডার হাওয়ার্ড ফ্রাঙ্কল্যান্ড ব্রিজ এলাকায় আবর্জনা ফেলার কালো রঙের কয়েকটি ব্যাগের মধ্যে জামিলের ক্ষতবিক্ষত মরদেহ খুঁজে পাওয়া যায় বলে হিলসবরো কাউন্টি শেরিফের কার্যালয় থেকে জানানো হয়। এ ঘটনায় আবুঘরবেহর বিরুদ্ধে সর্বোচ্চ মাত্রার (ফার্স্ট ডিগ্রি) হত্যার দুটি অভিযোগ দায়ের করা হয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## রোহিঙ্গা সমস্যা সমাধানে বিদেশিদের সহায়তা চাওয়া হয়েছে

রোহিঙ্গা সমস্যা সমাধানে বিদেশিদের সহায়তা চাওয়া হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, রোহিঙ্গা ইস্যু বাংলাদেশের জন্য বড় সমস্যা। এটির সমাধানে সরকারের পক্ষ থেকে সংলাপে বিদেশিদের সহায়তা চাওয়া হয়েছে। বুধবার (৬ মে) সকালে বনানী হোটেল শেরাটনে ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজি অ্যান্ড ট্যাকটিস রিসার্চের সেমিনার থেকে বেরিয়ে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। দেশকে সরকার বিনিয়োগবান্ধব করতে চায় উল্লেখ করে মন্ত্রী বলেন, 'বিনিয়োগের জন্য সবচেয়ে বড় বাধা সরকারের বিভিন্ন এজেন্সি। তারা অনেক ধীরগতিতে চলে। সরকার দেশকে বিনিয়োগবান্ধব করতে চায়। সরকার খুব শিগগিরিই এনার্জি সমস্যা থেকে উত্তরণের চেষ্টা করছে বলেও জানান মির্জা ফখরুল। দেশের উন্নয়ন ও কর্মসংস্থান বাড়ানোয় সরকার আশাবাদী বলে জানান তিনি।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## এবার গরুর হাটে চাঁদাবাজি চলবে না : কঠোর হুঁশিয়ারি প্রতিমন্ত্রীর

কোরবানির পশুর হাটকে কেন্দ্র করে চাঁদাবাজি হবে না, হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তিনি বলেছেন, চাঁদাবাজির কোনো ঘটনা ঘটলে সঙ্গে সঙ্গে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। বুধবার (৬ মে) সকালে রাজধানীর গাবতলি পশুর হাট পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী জানান, কুরবানির পশু আনা-নেওয়ার সময় সড়কে চাঁদাবাজি রোধে সরকার কঠোর অবস্থানে থাকবে এবং এ ধরনের কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। এ সময় মীর শাহে আলম বলেন, আসন্ন কুরবানিকে ঘিরে যানজট নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখতে আগে থেকেই পরিকল্পনা নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে রেললাইন ও সড়কের পাশে কোনোভাবেই পশুর হাট বসানো যাবে না বলে নির্দেশনা দেওয়া হয়েছে। পশু পরিবহনের সময় যাতে মানুষের ভোগান্তি ও যানজট না হয়, সে বিষয়েও বিশেষ নজর রাখা হবে। তিনি আরও জানান, হাটগুলোর নিরাপত্তায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করবেন। পুলিশের পাশাপাশি র‍্যাব ও সেনাবাহিনীও মাঠে থাকবে। পাশাপাশি ইজারাদারদের নিজস্ব স্বেচ্ছাসেবক (ভলেন্টিয়ার) দল থাকবে, যারা হাট ব্যবস্থাপনায় সহযোগিতা করবে। তিনি বলেন, বিভিন্ন পক্ষ থেকে পাওয়া কিছু সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে এবং সে অনুযায়ী ইজারাদার ও প্রশাসন সমন্বিতভাবে কাজ করবে। তিনি আরও জানান, হাট এলাকায় ওয়াচটাওয়ার স্থাপনসহ নকল টাকা ব্যবহার রোধে বিশেষ ব্যবস্থা নেওয়া হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## শাপলা চত্বরের ঘটনায় রাজসাক্ষী হতে চান সাবেক ডিআইজি জলিল মণ্ডল

২০১৩ সালের ৫ মে রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের মহাসমাবেশে হত্যাযজ্ঞের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় রাজসাক্ষী হতে চেয়েছেন সাবেক ডিআইজি আবদুল জলিল মণ্ডল। আজ তার জামিন চেয়ে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ আলী হায়দার। বুধবার (৬ মে) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেলে এ শুনানি হয়। মতিঝিল শাপলা চত্বরে হেফাজত ইসলামের সমাবেশে হত্যাকাণ্ডের সময় জলিল মণ্ডল ডিএমপির অতিরিক্ত কমিশনার ছিলেন। গত ৩০ মার্চ রাতে রাজধানীর সবুজবাগ থেকে তাকে গ্রেফতার করা হয়। এরপর ৩১ মার্চ শাপলা চত্বরে হেফাজত ইসলামের সমাবেশে হত্যাকাণ্ডের অভিযোগে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। ২০১৩ সালের ৫ মে মতিঝিল শাপলা চত্বরে হেফাজতের সমাবেশের ঐ ঘটনায় গত বছরের ৫ মে আব্দুল জলিল মণ্ডলসহ ১২ জনের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করা হয়। জলিল মণ্ডল এই মামলার দুই নম্বর আসামি। ডিবি সূত্র জানায়, আবদুল জলিল মণ্ডল পুলিশ বাহিনীতে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। একসময় তিনি চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) কমিশনার এবং শাপলা চত্বরে হেফাজতের আন্দোলনের সময় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। এ ছাড়া র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) হিসেবেও দায়িত্ব পালন করেন তিনি।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## ইস্যু করা অস্ত্রের লাইসেন্স রাজনৈতিক বিবেচনায় কি না, যাচাই-বাছাই হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

২০২৪ সালের ৫ আগস্টের পর উদ্দেশ্যপ্রণোদিতভাবে কিছু মামলা হয়েছে এ কথা উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, এসব মামলায় যারা প্রকৃত আসামি নয়, তাদের নাম প্রত্যাহার করে নেয়া হবে। আজ বুধবার (৬ মে) জেলা প্রশাসক সম্মেলনে ডিসিদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, জেলা পর্যায়ে এসব মামলার তালিকা চাওয়া হয়েছে। সরকার চায় এক মাসের মধ্যেই উদ্দেশ্যপ্রণোদিতভাবে হওয়া এসব

মামলার আসামিদের নাম প্রত্যাহার করতে। সালাহউদ্দিন আহমদ আরও বলেন, আওয়ামী লীগ সরকারের আমলেও যেসব হয়রানিমূলক রাজনৈতিক মামলা হয়েছে, স্বরাষ্ট্র এবং আইন মন্ত্রণালয়ের মাধ্যমে তা প্রত্যাহারের উদ্যোগ নেয়া হবে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ২০০৯ সালের আগে এবং ২৪ সালের পরে লাইসেন্সকৃত যেসব অস্ত্র থানায় জমা আছে, তার কিছু ফেরত দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। একইসঙ্গে আওয়ামী লীগ আমলে ইস্যু করা অস্ত্রের লাইসেন্সগুলো রাজনৈতিক বিবেচনায় দেয়া হয়েছে কিনা সেটিও যাচাই বাছাই করে দেখা হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## গাড়িবহর থামিয়ে অ্যাম্বুলেন্সকে পথ করে দিলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান ভিভিআইপি প্রটোকল ভেঙে একটি অ্যাম্বুলেন্সকে তার গাড়িবহর পার হওয়ার জায়গা করে দিয়েছেন। আজ বুধবার (৬ মে) সকালে এলিভেটেড এক্সপ্রেসওয়ের কারওয়ানবাজার প্রান্তে। বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর নিজ কার্যালয়ে যাওয়ার পথে এ ঘটনা ঘটে। বাংলাদেশ সংবাদ এদিন সকাল ৯টার কিছু সময় আগে, বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমানের গাড়িবহর তখন বনানী এক্সপ্রেসওয়ে হয়ে কারওয়ানবাজার এফডিসি মোড়ের দিকে এগোচ্ছিল। আকস্মিক প্রধানমন্ত্রীর দৃষ্টিতে পড়ে একটি অ্যাম্বুলেন্স তার গাড়ি বহরের পেছনে সাইরেন বাজাতে বাজাতে অতিক্রমের চেষ্টা করছিল। প্রধানমন্ত্রী পরিস্থিতি বুঝে অতি জরুরি সেবার এই গাড়িকে সাইড দিতে বহরে থাকা নিরাপত্তা কর্মকর্তাদের নির্দেশ দেন। নির্দেশ পেয়ে কর্মকর্তারাও অ্যাম্বুলেন্সকে পথ করে দেন। বাংলাদেশে ভিভিআইপি বহরের কারণে সড়কে অন্য যানবাহনকে অপেক্ষা করতে দেখে আসছে জনগণ। কিন্তু প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর তারেক রহমান সেই প্রটোকল ও রীতি ভাঙলেন। প্রত্যক্ষদর্শীরা গণমাধ্যমকে জানান, পুরো বিষয়টি ছিল স্বতঃস্ফূর্ত ও মানবিক। সাধারণত মানুষ এই ধরনের চিত্র দেখতে অভ্যস্ত নয়। এটিকে সাধারণ মানুষের প্রতি একজন সরকারের প্রধানের দায়িত্ববোধ এবং সহমর্মিতার একটি শক্ত বার্তা হিসেবে দেখছেন সবাই।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের জন্য `জমি` দেবে বিজেপি : এনডিটিভি

পশ্চিমবঙ্গে বিজেপির বিপুল বিজয়ের পর রাজ্য ও কেন্দ্রের মধ্যে দীর্ঘদিনের অচলাবস্থার সমাধান হতে পারে বলে ইতোমধ্যে আলোচনা শুরু হয়েছে। পশ্চিমবঙ্গে সরকার গঠনের মাত্র ৪৫ দিনের মধ্যেই বাংলাদেশ-ভারত সীমান্তে বেড়া নির্মাণে জমি বরাদ্দ দেবে বিজেপি। বিজেপি নেতাদের বরাতে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। সংবাদমাধ্যমটির প্রতিবেদন অনুযায়ী, ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াকে অগ্রাধিকার দিয়ে যুদ্ধকালীন তৎপরতায় বেড়া দেওয়ার কাজ সম্পন্ন করা হবে। বিজেপি তার নির্বাচনী ইশতেহারে প্রতিশ্রুতি দিয়েছে যে, সরকার গঠনের ৪৫ দিনের মধ্যে ভারত-বাংলাদেশ সীমান্তে বেড়া দেওয়ার জন্য জমি বরাদ্দ করা হবে। প্রতিবেদনে বলা হয়েছে, বিজেপির প্রধান লক্ষ্য হলো সীমান্ত পার হয়ে অনুপ্রবেশ শূন্যের কোঠায় নামিয়ে আনা। রাজ্য সরকারের পূর্ণ সহযোগিতায় বিএসএফ এবং পুলিশ যৌথ অভিযান চালাতে সক্ষম হবে, যার ফলে সীমান্ত জেলাগুলিতে বর্তমানে যে জনতাত্ত্বিক পরিবর্তন ঘটছে তা রোধ করা যাবে। এই লক্ষ্যে দলটি 'শনাক্ত করো, নির্মূল করো এবং বিতাড়িত করো' নীতি বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়েছে,।' বিজেপি নেতাদের বরাতে এনডিটিভি আরও জানিয়েছে, সরকার গঠনের ৪৫ দিনের মধ্যেই সীমান্তে বেড়া নির্মাণের জন্য 'জমি' বরাদ্দ দেবে নবগঠিত বিজেপি সরকার। ভারত-বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ শূন্যে নামিয়ে আনতেই এমন পদক্ষেপ নেবে গোরুয়া শিবির।

বিজেপি নেতারা বলছেন, বিএসএফ ও পুলিশের যৌথ অভিযান জোরদারের পাশাপাশি কেন্দ্রীয় তদন্ত সংস্থাগুলোকে স্বাধীনভাবে কাজ করার সুযোগও দেবে মোদি সরকার। এক দশক ধরে পশ্চিমবঙ্গ জয় করতে মরিয়া ছিলো ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। গেরুয়া ঝড়ের তান্ডবে যখন তছনছ তৃণমূল; বাংলায় তখন পদ্মফুলের জয়জয়কার। এমনকি পশ্চিমবঙ্গ জয়ের পর প্রধানমন্ত্রী মোদি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করে লেখেছেন, পশ্চিমবঙ্গে প্রথমবারের মতো ফুটেছে 'পদ্ম'। এমন বিজয় উল্লাসের কারণটাও অবশ্য স্পষ্ট। তৃণমূলের দেড় দশকের শাসনে পদে পদে বাধার সম্মুখীন হতে হয়েছে কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপিকে। এর আগে, ২০২১ সালে, পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী এলাকায় বিএসএফের কার্যপরিধি ১৫ কিলোমিটার থেকে বাড়িয়ে ৫০ কিলোমিটার করার প্রস্তাব দিয়েছিলো মোদি সরকার। তবে, একে রাজ্যের অভ্যন্তরীণ বিষয়ে কেন্দ্রের হস্তক্ষেপ দাবি করে প্রস্তাব প্রত্যাখ্যান করে ক্ষমতাসীন তৃণমূল সরকার। বিতর্কিত সিএএ আর এনআরসি আইন নিয়েও তৈরি হয় তুমুল বিরোধ। কেন্দ্র সরকার কার্যকরের নিয়ম জারি করলেও বাস্তবায়ন হতে দেননি বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ফলে, বিজেপি'র তথাকথিত অবৈধ অনুপ্রবেশকারীদের শনাক্তকরণ প্রক্রিয়া থমকে যায়। এছাড়া খাগড়াগড় বিস্ফোরণ থেকে শুরু করে ভূপতিনগর বিস্ফোরণের মতো একাধিক ঘটনা তদন্ত নিয়েও বাড়ে টানাপোড়েন। এসব ঘটনা তদন্তে রাজ্য সরকারের বিরুদ্ধে অসহযোগিতারও অভিযোগ আনে কেন্দ্রীয় তদন্ত সংস্থাগুলো। '২১ সালের বিধানসভা, ২৩'র পঞ্চায়েত ও ২৪'র লোকসভা নির্বাচনে স্পর্শকাতর কেন্দ্রগুলোতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়েও তুঙ্গে উঠে উভয়পক্ষের বিরোধ। তবে, পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠনের পর দ্রুতই পরিস্থিতি বদলে যাবে বলে ধারণা করছেন বিশ্লেষকরা।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## হাটকেন্দ্রিক বিশৃঙ্খলা ঠেকাতে পুলিশ তৎপর থাকবেন: ডিএমপি কমিশনার

ঈদুল আজহা উপলক্ষে পশুর হাটকে কেন্দ্র করে জাল নোট কারবারিরা যাতে সক্রিয় না হতে পারে সেজন্য গোয়েন্দা নজরদারি চলছে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ার। আজ বুধবার (৬ মে) সকালে রাজধানীর গাবতলী পশুর হাট পরিদর্শনে গিয়ে এ কথা বলেন তিনি। মো. সরওয়ার বলেন, জাল নোট কারবারিদের বিষয়ে আমাদের গোয়েন্দা নজরদারি আছে। তাদের আইনের আওতায় আনতে বিশেষ অভিযান পরিচালিত হবে। এছাড়া পশুর হাটে থাকবে জাল নোট শনাক্তকরণ মেশিন। পশুর হাট নিয়ে তিনি আরও বলেন, পুরো গাবতলী হাট, আশপাশের সড়ক ঘিরে পুলিশের কার্যক্রম পরিচালিত হবে। হাটকেন্দ্রিক বিশৃঙ্খলা ঠেকাতে পুলিশ তৎপর থাকবে বলেও জানান তিনি।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## শপথ নিলেন এনসিপি নেত্রী নুসরাত তাবাসসুম

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে এনসিপি নেত্রী নুসরাত তাবাসসুম নবনির্বাচিত সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। বুধবার (০৬ মে) দুপুর ১২টায় সংসদ ভবনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তাকে শপথবাক্য পাঠ করান। জাতীয় সংসদের স্পিকারের কার্যালয়ে সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভুঁইয়ার সঞ্চালনায় এই শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। শপথ গ্রহণ শেষে নববির্বাচিত সংসদ-সদস্য রীতি অনুযায়ী সংসদ সচিবের রুমে শপথ বইয়ে স্বাক্ষর করেন। শপথ অনুষ্ঠানে ডেপুটি স্পিকার, বিরোধী দলের চিফ হুইপ, সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## অন্তঃসত্ত্বা শিশুটির ভ্রুণের ডিএনএ টেস্টের তথ্য নিয়ে যা জানাল র্যাব

ময়মনসিংহের মদনে ধর্ষণে অন্তঃসত্ত্বা শিশুটির ভ্রণের ডিএনএ টেস্টের তথ্য গুজব বলে জানিয়েছে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‌্যাব। বুধবার (০৬ মে) দুপুরে ময়মনসিংহে র্যাব-১৪ এর সদর দপ্তরে সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান র্যাব-১৪ এর কমান্ডিং অফিসার (সিও) নায়মুল হাসান। তিনি বলেন, ডিএনএ টেস্ট হয়নি। প্রয়োজন হলে আদালতের অনুমতি নিয়ে তদন্তকারী কর্মকর্তা অবশ্যই সেটা করবেন। তদন্তের স্বার্থে যা যা করা দরকার সেটা করবেন। এদিকে শিশুটির ভ্রুণের ডিএনএ টেস্ট করা হয়েছে— এমন তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। বিনোদন জগতের অনেকেই নিজের ফেসবুক আইডি থেকে এমন তথ্য পোস্ট করেন। র্যাব জানায়, মঙ্গলবার রাতে র্যাবের একটি দল ময়মনসিংহের গৌরীপুর উপজেলার সোনমপুর গ্রামে অভিযান চালিয়ে ভোর ৪টার দিকে অভিযুক্ত শিক্ষক আমান উল্লাহকে গ্রেপ্তার করে। তাকে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হবে। মামলার বিবরণ সূত্রে জানা যায়, গ্রেপ্তার হওয়া আমান উল্লাহ নেত্রকোনার মদন উপজেলার পাঁচহার গ্রামে একটি মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। ওই মাদ্রাসায় পড়ত ধর্ষণের শিকার ওই শিশুটি। ২০২৫ সালের ২ অক্টোবর আমান উল্লাহ তাকে ধর্ষণ করে। পরে গত ১৮ এপ্রিল নেত্রকোনার একটি বেসরকারি হাসপাতালে পরীক্ষার পর শিশটি অন্তঃসত্ত্বা বলে জানা যায়। পরে ২৩ এপ্রিল শিশুটির মা বাদী হয়ে মদন থানায় মামলা করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## দাম বাড়তে পারে বিদ্যুতের

জ্বালানি তেল, এলপিজির পর এবার পাইকারি ও খুচরা পর্যায়ে বিদ্যুতের দাম ইউনিটপ্রতি সর্বোচ্চ ১.৫০ টাকা পর্যন্ত বাড়ানোর প্রস্তাব দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনে (বিইআরসি)। জ্বালানি আমদানির ব্যয় বৃদ্ধি, উৎপাদন খরচ ও বিক্রয়মূল্যের ব্যবধান এবং ভর্তুকির চাপ সামাল দিতে এই প্রস্তাব পাঠিয়েছে বিদ্যুৎ বিভাগ। তাতে বিদ্যুতের দাম ১৭ থেকে সর্বোচ্চ ২১ শতাংশ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব রয়েছে।বাংলাদেশ সংবাদ বুধবার (৬ মে) বিইআরসির চেয়ারম্যান জালাল আহমেদ গণমাধ্যমকে বলেন, ‘আমরা পিডিবির প্রস্তাব পেয়েছি। তাতে পাইকারি বিদ্যুতের দাম ১৭ শতাংশ থেকে ২১ শতাংশ পর্যন্ত বাড়ানোর কথা বলা হয়েছে। কারিগরি কমিটি তাদের প্রস্তাব পর্যালোচনা শুরু করবে।’ সবশেষ বিদ্যুতের দাম বাড়ানো হয়েছিল ২০২৪ সালের ফেব্রুয়ারিতে। তখন খুচরায় ৮ দশমিক ৫ শতাংশ এবং পাইকারিতে ৫ শতাংশ বেড়েছিল। তাতে প্রতি ইউনিট বিদ্যুতের পাইকারি মূল্য গড়ে ৬ দশমিক ৭০ টাকা থেকে ৩৪ পয়সা বেড়ে ৭ দশমিক ০৪ টাকা হয়েছিল। এখন ১৭ থেকে ২১ শতাংশ দাম বাড়লে প্রতি ইউনিটে ১ টাকা ২০ পয়সা থেকে ১ টাকা ৪৮ পয়সা যোগ হবে। বিএনপি সরকার দায়িত্বে আসার পর গ্যাস-বিদ্যুতের দাম বাড়াবে না বলে প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু ইরান যুদ্ধের কারণে বিশ্ববাজারে জ্বালানির মূল্যবৃদ্ধির পর দাম বাড়ানোর দিকেই হাঁটে সরকার। বিদ্যুতের দাম পর্যালোচনা করে মূল্যবৃদ্ধির সুপারিশ করতে গত ৯ এপ্রিল ছয় সদস্যের মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছিল। পিডিবির এক কর্মকর্তা জানান, বর্তমান ট্যারিফে বিদ্যুৎ বিক্রি চলতে থাকলে ২০২৫-২৬ অর্থবছরে পিডিবির সম্ভাব্য ঘাটতির পরিমাণ ৫৬ হাজার কোটি টাকা ছাড়িয়ে যেতে পারে। সেই ঘাটতি কিছুটা কমিয়ে আনতে সরকারের ইচ্ছায় দাম বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। পিডিবির প্রস্তাব অনুযায়ী, পাইকারি ট্যারিফ ইউনিটপ্রতি ৫০ পয়সা বাড়ালে সরকারের ভর্তুকি ৫ হাজার ২৪৪ কোটি ৫৮ লাখ টাকা কমবে। ১ টাকা বাড়ালে কমবে ১০ হাজার ৪৮৯ কোটি ১৬ লাখ টাকা। আর ১ টাকা ২০ পয়সা বাড়ালে ভর্তুকি কমতে পারে ১২ হাজার ৫৮৬ কোটি ৯৯ লাখ টাকা।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## যুদ্ধের পর দেশে এলো ক্রুড অয়েলের প্রথম জাহাজ

যুদ্ধ শুরুর পর অপরিশোধিত তেলের (ক্রুড অয়েলের) প্রথম জাহাজ বাংলাদেশে পৌঁছেছে। চট্টগ্রাম বন্দরের কুতুবদিয়া পয়েন্টে আজ দুপুরে নোঙর ফেলে 'এমটি নিনেমিয়া' নামের জাহাজটি। এতে এক লাখ টন ক্রুড অয়েল আছে। দুইটি লাইটার ট্যাঙ্কার আগে থেকে প্রস্তুত রাখা হয়েছে। বড় জাহাজ থেকে তেল খালাস করা হবে এই ছোট লাইটারে। সেই তেল বন্দরের ডলফিন জেটিতে এনে পাইপলাইনের মাধ্যমে নেওয়া হবে ইস্টার্ন রিফাইনারিতে (ইআরএল)। এই ক্রুড অয়েলই ইআরএল সচল রাখার প্রধান কাঁচামাল। এটি পরিশোধন করে ডিজেল, পেট্রোল, অকটেনসহ ১৩ ধরণের জ্বালানি উৎপাদন করে ইআরএল। যুদ্ধ শুরুর দুই মাসের মধ্যে ক্রুড অয়েলের কোনো জাহাজ আসেনি দেশে। সর্বশেষ আড়াই মাস আগে গত ১৮ ফেব্রুয়ারি ক্রুড অয়েলের জাহাজ নোঙর করেছিল চট্টগ্রামে। কাঁচামাল পর্যাপ্ত না থাকায় দেড় মাস ধরে ইআরএলে ব্যবহার করা হচ্ছিল পাইপলাইনে জমে থাকা 'ডেডস্টক'। এ সময় উৎপাদন কমিয়ে আনা হয় দুই তৃতীয়াংশে। ১৩ থেকে দুইয়ে নামিয়ে আনা হয় জ্বালানির ধরণও। এভাবে পুরোপুরি বন্ধ হওয়ার প্রহর গোণা ইআরএল অবশেষে ফিরে পাচ্ছে নবপ্রাণ। সৌদি আরবের ইয়ানবু বন্দর থেকে এসেছে এই এক লাখ টন ক্রুডবাহী জাহাজটি। ইআরএলে পরিশোধনের জন্য আরও এক লাখ টন ক্রুড অয়েল নিয়ে 'এমটি ফসিল' নামের আরেকটি ট্যাংকার আনার উদ্যোগ নেওয়া হয়েছে। ১০ মে সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরা বন্দরে জাহাজটিতে লোড করা হবে ক্রুড অয়েল। এরই মধ্যে জাহাজটি আমিরাতের পথে রওনা দিয়েছে। পরিকল্পনা অনুযায়ী কাজ হলে চলতি মাসে আসতে পারে এটিও। তা যদি হয় তবে এই মাসে ক্রুড অয়েল আসতে পারে মোট দুই লাখ টন। ব্যবহারযোগ্য অপরিশোধিত তেল সময় মত না আসায় দেড় মাস ধরে পাইপ লাইনে থাকা ডেডস্টক তেল দিয়ে খুব সীমিত পরিসরে সচল রাখা হয়েছিল ইআরএলের উৎপাদন। ইআরএল কর্মকর্তারা বলছেন, সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) প্রকল্পের গভীর সমুদ্রের ভাসমান বয়া থেকে মহেশখালীর স্টোরেজ ট্যাংক এবং সেখান থেকে ইআরএল পর্যন্ত বিস্তৃত পাইপলাইনের ভেতরে সব সময় একটি নির্দিষ্ট পরিমাণ তেল জমা রাখতে হয়। পাইপলাইনের কার্যকারিতা এবং হাইড্রোলিক চাপ বজায় রাখতে যে সর্বনিম্ন পরিমাণ তেল ভেতরে থেকে যায়, তাকেই ডেডস্টক বা তলানির তেল বলা হয়। এই তেল সাধারণত উত্তোলন করা হয় না। জরুরি অবস্থা বিবেচনা করে এতদিন সেই তেল দিয়ে কোনোরকমে চালু আছে রিফাইনারিটি। বাংলাদেশ শিপিং করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কমোডর এম মাহমুদুল মালেক বলেন, সৌদি আরবের ইয়ানবু বন্দর থেকে এক লাখ টন ক্রুডবাহী জাহাজ 'এমটি নিনেমিয়া' দেশে নোঙর ফেলেছে। সবকিছু ঠিক থাকলে ৭ মে থেকে আবারও পুরোদমে উৎপাদনে ফিরবে ইআরএল। বিএসসি'র মহাব্যবস্থাপক (চার্টারিং অ্যান্ড ট্রাম্পিং) ক্যাপ্টেন মো. মুজিবুর রহমান বলেন, চলতি মাসের শেষে ফুজাইরা বন্দর থেকে এক লাখ টন ক্রুড নিয়ে এমটি ফসিল নামের আরেকটি জাহাজ বাংলাদেশে আনার পরিকল্পনা রয়েছে। এই ট্যাংকার জাহাজটি ফুজাইরা বন্দরের পথে রয়েছে। তিনি জানান, ফুজাইরা থেকে ক্রুড লোড করা গেলে তা আর হরমুজ হয়ে আনা লাগবে না। ফুজাইরা থেকে এটি সরাসরি ভারত মহাসাগর হয়ে বাংলাদেশে আনা যাবে। এমটি ফসিল জাহাজটি পানামার পতাকাবাহী। এটির দৈর্ঘ্য ২৪৯ মিটার, প্রস্থ ৪৪ মিটার এবং ড্রাফট ১৪ দশমিক ৯ মিটার। জাহাজটির ডেডওয়েট এক লাখ ১৫ হাজার ৭৬০ টন। জাহাজটি ২০২৪ সালে নতুন নাম 'ফসিল' ধারণ করে। এর আগে জাহাজটির নাম ছিল 'ফস পিকাসো'। হরমুজ প্রণালিতে হামলার আশঙ্কা থাকায় গত ৫ এপ্রিল থেকে সেখানে আটকা পড়ে আছে 'নর্ডিক পোলাক্স' নামে একটি ট্যাংকার জাহাজ। সৌদি আরবের রাস তানুরা থেকে এক লাখ টন ক্রুড লোড করেছিল এটি। দুই মাস পেরিয়ে গেলেও কখন এই জাহাজটি বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা শুরু করবে তা নিশ্চিত করে বলতে পারছে না কেউই। যুদ্ধ এলাকায় মালিকপক্ষের জাহাজ পাঠানোর অনীহার কারণে 'ওমেরা গ্যালাক্সি' নামে আরেকটি ট্যাংকার জাহাজ তাদের বাংলাদেশমুখী যাত্রা বাতিল করে। এজন্য ক্রুড অয়েলের সংকট তৈরি হয় ইস্টার্ন রিফাইনারিতে। বন্ধ হওয়ার উপক্রম হয় রিফাইনারিটি।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ এলিনা)

## আগামী ৬ জুন থেকে মাঠ পর্যায়ের সেনাসদস্যদের প্রত্যাহার শুরু হবে: স্বরাষ্ট্র মন্ত্রণালয়

দেশের বিভিন্ন স্থানে দায়িত্ব পালনরত সেনাসদস্যদের মাঠপর্যায় থেকে প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে সরকার। আজ বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, আগামী ৬ জুন থেকে এ প্রত্যাহার কার্যক্রম শুরু হবে এবং জুন মাসের মধ্যেই তা সম্পন্ন করা হবে। এর আগে, মঙ্গলবার আইনশৃঙ্খলা-সংক্রান্ত কোর কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সিদ্ধান্ত অনুযায়ী, প্রথম পর্যায়ে দেশের দূরবর্তী জেলা থেকে সেনাসদস্যদের ব্যারাকে ফিরিয়ে নেওয়া হবে। পরে ধাপে ধাপে বিভাগীয় শহর ও বড় জেলাগুলো থেকেও তাদের প্রত্যাহার করা হবে। উল্লেখ্য, ২০২৪ সালের ১৯ জুলাই কারফিউ জারির পর তৎকালীন বাংলাদেশ আওয়ামী লীগ সরকার সেনাবাহিনী মোতায়েন করে। একই বছরের ৫ আগস্ট রাজনৈতিক পরিবর্তনের পর আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সেনাবাহিনী মাঠে অবস্থান অব্যাহত রাখে।বাংলাদেশ সংবাদ পরবর্তীতে ১৭ সেপ্টেম্বর অন্তর্বর্তী সরকার সেনাবাহিনীকে বিচারিক ক্ষমতা প্রদান করে। তবে সম্প্রতি সেই ক্ষমতা আর বহাল নেই বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। তিনি বলেন, বর্তমানে সেনাবাহিনী মূলত স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্ব পালন করছে এবং সরাসরি আইনগত কার্যক্রমে অংশ নিচ্ছে না।

(রেডিও টুডে ওয়েব পেজ ০৬:.০৫.২০২৬ আসাদ)

## লঞ্চের ভাড়া বাড়লো গড়ে প্রায় ছয় শতাংশ

জ্বালানি তেলের দাম বাড়ানোর কারণে বাসের পর এবার লঞ্চের ভাড়াও বাড়ানো হয়েছে। একজন যাত্রীর লঞ্চ ভাড়া কম দূরত্বে প্রতি কিলোমিটারে ১৮ পয়সা ও বেশি দূরত্বে ১৪ পয়সা বেড়েছে। কম দূরত্বে লঞ্চের ভাড়া ৬ দশমিক ৪৯ শতাংশ ও বেশি দূরত্বের ক্ষেত্রে ৫ দশমিক ৮৮ শতাংশ বাড়ানো হয়েছে। মঙ্গলবার লঞ্চের ভাড়া বাড়িয়ে প্রজ্ঞাপন জারি করেছে নৌপরিবহন মন্ত্রণালয়। জ্বালানি তেলের দাম বাড়ার কারণে গত বৃহস্পতিবার সারা দেশে ডিজেলচালিত বাসের ভাড়া প্রতি কিলোমিটারে ১১ পয়সা বাড়িয়েছে সরকার। তবে দূরপাল্লা ও মহানগরে কিলোমিটারপ্রতি ভাড়া বাড়লেও ঢাকা ও চট্টগ্রামে বাস-মিনিবাসের সর্বনিম্ন ভাড়া আগের মতোই যথাক্রমে ১০ ও ৮ টাকা বহাল থাকছে।বৃহস্পতিবার সচিবালয়ে পরিবহণ মালিক ও শ্রমিকদের সঙ্গে বৈঠক শেষে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম এই সিদ্ধান্তের কথা জানান। এই বর্ধিত ভাড়া সিএনজিচালিত বাসের ক্ষেত্রে কোনোভাবেই প্রযোজ্য হবে না বলেও মন্ত্রণালয় থেকে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৬.০৫.২০২৬ আসাদ)

## দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫.৩৩ বিলিয়ন ডলার

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫. ৩৩ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। আজ বাংলাদেশ ব্যাংক সর্বশেষ এ তথ্য জানিয়েছে। কেন্দ্রীয় ব্যাংক জানায়, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের ব্যালান্স অব পেমেন্টস অ্যান্ড ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট পজিশন ম্যানুয়াল হিসাব মানদণ্ড অনুযায়ী দেশের বর্তমান রিজার্ভ ৩০.৬৭ বিলিয়ন মার্কিন ডলার। কর্মকর্তারা জানান, রিজার্ভের এ অবস্থান চলমান বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তার মধ্যে দেশের বহিঃখাতের স্থিতিশীলতার প্রতিফলন। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ আসাদ)

## দেশের ধান চাষিদের জন্য স্বস্তির পূর্বাভাস দিল বিডব্লিউওটি

চলতি মৌসুমে কালবৈশাখী ঝড় আর টানা বৃষ্টির কবলে পড়া দেশের ধান চাষিদের জন্য স্বস্তির পূর্বাভাস দিয়েছে বাংলাদেশ ওয়েদার অবজারভেশন টিম বিডব্লিউওটি। সংস্থাটি জানিয়েছে, আগামী ৭ মে থেকে ১৩ মে পর্যন্ত সারা দেশে বৃষ্টিপাতের প্রবণতা উল্লেখযোগ্য হারে কমে আসবে, যা ধান কাটার জন্য চলতি সময়ের মধ্যে সবচেয়ে আদর্শ ও সুবিধাজনক সময় হতে পারে। গত ২৬ এপ্রিল থেকে ৫ মে পর্যন্ত সক্রিয় একটি বৃষ্টি বলয়ের প্রভাবে দেশের অধিকাংশ স্থানে ধান কাটার কাজ ব্যাহত হলেও ৭ মে থেকে আকাশ তুলনামূলক পরিষ্কার হতে শুরু করবে। যদিও এই সময়ে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে বজ্রবৃষ্টির সম্ভাবনা রয়েছে, তবে গত কয়েক দিনের তুলনায় পরিস্থিতির লক্ষণীয় উন্নতি হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৬.০৫.২০২৬ আসাদ)

# BBC

## PAKISTAN WELCOMES HALT OF US PLAN TO GUIDE SHIPS THROUGH STRAIT OF HORMUZ

The prime minister of Pakistan, which has acted as a mediator between the US and Iran for peace talks, has welcomed Donald Trump's pause of the US operation guiding ships through the Strait of Hormuz. Shehbaz Sharif says he is "grateful to President Donald Trump for his courageous leadership and timely announcement". While Trump's social media post detailing the pause mentioned Pakistan "and other countries", Sharif says the request was also made by Saudi Arabia. He says Pakistan is hopeful that what he calls "the current momentum" will lead to a lasting agreement. (BBC News Web Page: 06/05/26, FARUK)

## ATTACKS ON 26 VESSELS SINCE OUTBREAK OF WAR: UKMTO

There have been 26 attacks on vessels in the Middle East since the start of the Iran war, according to marine authority UKMTO. It says since 28 February, it has received reports of 46 incidents "in and around" the Gulf, the Gulf of Oman and Strait of Hormuz. Of these, 26 were attacks, and 18 were reports of "suspicious activity", in addition to two reported hijackings. (BBC News Web Page: 06/05/26, FARUK)

## ISRAELI MILITARY CONTINUES TO HIT TARGETS IN SOUTHERN LEBANON

The Israeli military has hit 25 Hezbollah targets in southern Lebanon over the past 24 hours, the Israeli Defense Forces (IDF) says in an update. IDF spokesperson Avichay Adraee has also issued a new evacuation warning to residents of several towns across southern Lebanon, adding anyone near Hezbollah facilities or combat "exposes their life to danger". Lebanon's National News Agency has reported multiple airstrikes across the south of the country over the past 24 hours. (BBC News Web Page: 06/05/26, FARUK)

## AUSTRALIA TO SPEND A$10BN ON SECURING ENERGY SUPPLIES

Australian Prime Minister Anthony Albanese has announced his government will spend A$10bn on securing energy supplies, promised by the ongoing crisis in the Middle East. Under the package, Australia will establish a government-owned fuel reserve of around a billion litres, boosting the country's critical reserves of diesel and jet fuel to 50 days. Earlier

on Wednesday, Albanese told reporters: "This is aimed at making sure that Australians can have more confidence in protecting our energy sovereignty, not just during this crisis, but going forward as well, protecting our nation's energy interests." Australia has faced some of its biggest ever spikes in petrol and diesel prices since the start of hostilities in Iran. (BBC News Web Page: 06/05/26, FARUK)

**CHINA CALLS FOR STRAIT TO BE REOPENED 'AS SOON AS POSSIBLE' IN IRAN TALKS**

Chinese foreign minister Wang Yi has called for the Strait of Hormuz to be reopened "as soon as possible" in talks with his Iranian counterpart. The pair met in Beijing on Wednesday on what is Iranian foreign minister Abbas Araghchi's first trip to China since the Iran war began. Wang Yi also told Araghchi that achieving a lasting ceasefire was an "urgent priority", saying it was important to persist with negotiations. He added that Beijing was ready to help de-escalate tensions. The meeting comes a week before US president Donald Trump is set to hold a summit with Chinese leader Xi Jinping, during which the leaders are likely to discuss the Iran war and reopening of the strait. (BBC News Web Page: 06/05/26, FARUK)

**IS FAMILIES IN SYRIA HAVE BOOKED TICKETS HOME TO AUSTRALIA: MINISTER**

A group of 13 women and children with links to Islamic State (IS) have booked tickets to return home to Australia, the government has said. Home Affairs Minister Tony Burke said it "has not and will not provide" any help to the four women and nine children who have spent years in a Syrian camp. They are part of a larger group of 34 believed to include wives, widows and children of IS fighters. When the group arrive in Australia, "some individuals will be arrested and charged," the Australian Federal Police (AFP) Commissioner Krissy Barrett said. The larger cohort left the camp in February but returned for "technical reasons" with the Australian government refusing to officially repatriate them. Burke said authorities became aware of the group's return when airline tickets were booked hours earlier.
(BBC News Web Page: 06/05/26, FARUK)

**IRGC HINTS AT STRAIT OF HORMUZ REOPENING IF 'THREATS' END**

Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC) Navy has released a statement, alluding to the Strait of Hormuz reopening if there is an "end of the aggressors' threats". Whilst it's not immediately clear what the statement - published in English - means, the IRGC thanks vessel owners for their "cooperation in transiting through the Strait of Hormuz in accordance with Iranian regulations". The statement adds: "With the end of the aggressors threats and in the shadow of new procedures, the possibility of safe and sustainable passage through the Strait will be provided." It comes hours after US President Donald Trump announced that Project Freedom - a US operation intended to safely escort ships through the strait - has been paused. (BBC News Web Page: 06/05/26, FARUK)

**SAUDI ARABIA POSTS $33.5BN BUDGET DEFICIT AMID DROP IN OIL SALES**

Saudi Arabia has posted a sharp rise in its budget deficit amid declining oil revenues due to the effective closure of the Strait of Hormuz. The kingdom's budget shortfall widened to 125.7 billion riyals in the first three months of the year as rising government spending coincided with a fall in crude sales, according to the latest budget figures released by the Saudi Ministry of Finance on Tuesday. Total government spending rose 20 percent to 386.7 billion riyals year-on-year, while oil revenues fell 3% to 144.7 billion riyals, according to the figures. The budget gap was more than double the shortfall posted during the same period last year, and up nearly one-third from the final quarter of 2025.
(BBC News Web Page: 06/05/26, FARUK)

## :: The End ::